NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন
EKDIN

এগিয়ে চলার সঙ্গী

সপ্তাহ জুড়ে শেষের পাতায়
রবি: সাহিত্য সংস্কৃতি
সোম: স্বাস্থ্য বীমা
মঙ্গল: শিক্ষা প্রযুক্তি চাকরি
বুধ: ভ্রমণের টুকিটাকি
বৃহস্পতি: সুন্দর থাকা
শুক্র: সিনেমা অনুষঙ্গ
শনি: অর্থের আকাশ

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
দেখুন
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

৩ নিউটাউনে গৃহবধূ হত্যার পিছনে রয়েছে মৃতার একাধিক সম্পর্ক

কন্যাসন্তানকে বিক্রি করলেন মা, বিস্মিত আদালত ৩

কলকাতা ২৪ জুলাই ২০২৫ ৭ শ্রাবণ ১৪৩২ বৃহস্পতিবার উনবিংশ বর্ষ ৪৫ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 24.07.2025, Vol.19, Issue No. 45, 8 Pages, Price 3.00

## সুপার কিক...




বুধবার বিকেলে যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পরপর দু'বার ফুটবলে কিক মেরে ডুরান্ড কাপের সূচনা করেন তিনি। উদ্বোধনী অনুষ্ঠানের শেষে ম্যাচ শুরুর ঠিক আগে মাঠে আসেন মুখ্যমন্ত্রী। রাজ্যের একঝাঁক মন্ত্রীও হাজির ছিলেন বুধবারের যুবভারতীতে।

ছবি: অদিতি সাহা

### ইস্তফা বিতর্কের মাঝেই

# উপরাষ্ট্রপতি নির্বাচনের প্রক্রিয়া শুরু কমিশনের

**নয়াদিল্লি, ২৩ জুলাই:** একদিকে যখন উপরাষ্ট্রপতি পদ থেকে জগদীপ ধনখড়ের আচমকা ইস্তফা দেওয়া নিয়ে বিতর্ক চলছে, তার মধ্যেই বুধবার নতুন উপরাষ্ট্রপতি নির্বাচনের প্রক্রিয়া শুরু করে দিল নির্বাচন কমিশন। ২৩ জুলাই, বুধবার এই বিষয়ে বিজ্ঞাপ্তি জারি হয়েছে। সেখানে জানানো হয়েছে, উপরাষ্ট্রপতি নির্বাচনের প্রস্তুতি শুরু হয়েছে। এরপর নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করা হবে। খুব শিগগির নির্বাচন হবে বলেই জানানো হয়েছে।

উল্লেখ্য, অনেকের মতে, ধনখড়ের বিদায়ের পর যে উপনির্বাচন হবে, সংখ্যার হিসাবে তাতে সরকার পক্ষের প্রার্থীর জয় অবধারিত। তবে আদর্শগত বিরোধিতার প্রশ্নে নিজেদের প্রার্থী নিশ্চয়ই দেবে বিরোধী জোট 'ইন্ডিয়া'। সে বিষয়ে তারা ভাবনাচিন্তাও করছে বলে বিরোধীদের একটি সূত্রের দাবি।

মেয়াদ পূরণের আগেই উপরাষ্ট্রপতি পদ থেকে ইস্তফার




ঘটনা একেবারেই বিরল নয়। অতীতেও দেশের দ্বিতীয় বৃহত্তম সাংবিধানিক পদ থেকে এ ভাবে পদত্যাগ করেছিলেন আরও দুই রাষ্ট্রপতি; ভিভি গিরি এবং আর বেঙ্কটরমণ।

কমিশন জানিয়েছে, ইতিমধ্যেই 'ইলেক্টোরাল কলেজ' তৈরির কাজ চলছে। সংসদের দুই কক্ষে, অর্থাৎ লোকসভা এবং রাজ্যসভার নির্বাচিত এবং মনোনীত সাংসদদের নিয়েই ইলেক্টোরাল কলেজ গঠিত হয়। পাশাপাশিই, রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসারদের নাম চূড়ান্ত করা হচ্ছে। অতীতে কী ভাবে উপরাষ্ট্রপতি নির্বাচন করা হয়েছিল, সেই সংক্রান্ত তথ্য সংগ্রহের কাজও চলছে বলে জানিয়েছে কমিশন।

এ ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় হল, নতুন যিনি উপরাষ্ট্রপতি হবেন, তিনি পুরো পাঁচ বছরের জন্যই পদে থাকবেন। ধনখড়ের ছেড়ে দেওয়া দু'বছরের জন্য নয়। স্বাভাবিক ভাবে যেখানে ২০২৭ সালে পরবর্তী উপরাষ্ট্রপতি নির্বাচন নির্ধারিত ছিল এবং নির্বাচিত সেই উপরাষ্ট্রপতির মেয়াদ হত ২০৩২ সাল পর্যন্ত। কিন্তু এ বার তা পাল্টে পরেরটি হবে ২০২৯ সালের লোকসভা নির্বাচনের পর। অর্থাৎ ২০৩০ সালে।

### বুধেও উত্তাল লোকসভা ও রাজ্যসভা

# আগামী সপ্তাহে সংসদে ভাষণ দেবেন মোদী!

**নয়াদিল্লি, ২৩ জুলাই:** সোমবার ও মঙ্গলবারের পর বুধেও উত্তাল সংসদ। বিহারে এসআইআর, পহেলগাঁও হামলা-সহ একাধিক ইস্যুতে বুধবার লোকসভায় স্লোগান দেন বিরোধীরা। একই চিত্র ছিল রাজ্যসভাতেও। তুমুল হইহট্টগোলের কারণে লোকসভা ও রাজ্যসভার অধিবেশন দুপুর বারোটা পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়েছে। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, 'এই সদন আলোচনা ও সংলাপের জন্য, স্লোগান দেওয়ার জন্য নয়। সদনের মর্যাদা বজায় রাখুন।'

এদিকে, লোকসভার বিরোধী দলনেতা ও কংগ্রেস সাংসদ রাহুল গান্ধি-সহ বিরোধী সাংসদরা এদিন সংসদ ভবন চত্বরে বিহারে ভোটার তালিকার চলমান বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর)-এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। কংগ্রেস সাংসদ গৌরব গগৈ বলেছেন, 'নির্বাচন কমিশন বিহারে ভোট নিষিদ্ধ করার কাজ করছে। এটি কেবল প্রধানমন্ত্রী মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সম্মতিতেই করা যেতে পারে। আমরা চাই প্রধানমন্ত্রী মোদী এসআইআর-এর আলোচনায় অংশগ্রহণ করুন এবং অপারেশন সিঁদুর এবং এসআইআর-এর আলোচনা কখন হবে তা তিনি আমাদের জানান।'

এদিকে, অপারেশন সিঁদুর নিয়ে বিরোধীদের লাগাতার আক্রমণের জবাব দিতে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী! সূত্রের খবর, বাদল অধিবেশনেই এই ইস্যুতে মুখ খুলতে চলেছেন প্রধানমন্ত্রী। সম্ভবত সংসদের দুই কক্ষেই তিনি ভাষণ দিতে পারেন। উল্লেখ্য, আগামী সপ্তাহেই লোকসভা এবং রাজ্যসভায় যথাক্রমে ১৬ ঘণ্টা এবং ৯ ঘণ্টা সময় বরাদ্দ করা হয়েছে অপারেশন সিঁদুর নিয়ে আলোচনার জন্য। সেই আলোচনার শেষেই ভাষণ দিতে পারেন প্রধানমন্ত্রী। সরকার পক্ষ আগামী সপ্তাহে আলোচনার জন্য দুই কক্ষ মিলিয়ে মোট ২৫ ঘণ্টা সময় বরাদ্দ করেছে। বিরোধীদের দাবি, অপারেশন সিঁদুর এবং ভারত-পাক সংঘর্ষবিরতি নিয়ে সংসদে দাঁড়িয়ে বিবৃতি দিতে হবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে। যদিও এই ইস্যুতে আলোচনার জন্য আগামী সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করতে নারাজ বিরোধী শিবির। রাহুলের দাবি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অপারেশন সিঁদুর নিয়ে আলোচনা এড়াতে চাইছেন। সংসদে বিবৃতি এড়াতে চাইছেন।

সংসদ চত্বরে দাঁড়িয়ে বুধবার বিরোধী দলনেতা বলেন, 'একদিকে সরকার বলছে অপারেশন সিঁদুর চলছে। অন্যদিকে বলছে আমরা জিতে গিয়েছি। আবার ডোনাল্ড ট্রাম্প ২৫ বার বলেছেন, তিনি অপারেশন সিঁদুর থামিয়ে দিয়েছেন। ডাল মে কুছ না কুছ কালা হ্যায়।' রাহুলের বক্তব্য, 'প্রধানমন্ত্রী এ নিয়ে একটা বিবৃতি দিতে পারছেন না। দেবেনই বা কী করে? কীই বা বলবেন? মেনে নেবেন যে ট্রাম্পই যুদ্ধবিরতি করেছেন? সেটা তো বলতে পারবেন না।' বিরোধী দলনেতার সাফ কথা, সরকার না মানলেও এটাই সত্যি যে ট্রাম্প সংঘর্ষ বিরতি করিয়েছেন। গোটা দুনিয়া সেটা জানে। তাঁর অভিযোগ, অপারেশন সিঁদুরের সময় কূটনৈতিকভাবে চূড়ান্ত ব্যর্থ হয়েছে সরকার। কোনও দেশকে পাশে পাওয়া যায়নি।

তবে বিরোধীদের এহেন সমালোচনার জবাব দিতে চলেছেন প্রধানমন্ত্রী। আপাতত তিনি ব্রিটেন এবং মালদ্বীপ সফরে গিয়েছেন। বিদেশ সফর সেরে ফিরে এসেই তিনি সংসদের দুই কক্ষে ভাষণ দিতে পারেন।



# দুই দেশ সফরে প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২৩ জুলাই: দু'টি দেশের সফরের উদ্দেশ্যে বুধবার রওনা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি প্রথমে যাবেন ব্রিটেনে। সেখানে মুক্ত বাণিজ্যচুক্তিতে (এফটিএ) স্বাক্ষর করবেন। তারপর যাবেন মালদ্বীপে। প্রেসিডেন্ট মহম্মদ মুইজ্জু ক্ষমতায় আসার পর এই প্রথম সে দেশে যাচ্ছেন মোদী। ভারত এবং মালদ্বীপের দ্বিপাক্ষিক সম্পর্কের জন্য এই সফর গুরুত্বপূর্ণ হতে চলেছে।**

**২৩ জুলাই থেকে ২৬ জুলাই পর্যন্ত চার দিনে দুই দেশে সফর করবেন প্রধানমন্ত্রী। ২৩ তারিখ, বুধবার তিনি রওনা হয়েছেন ব্রিটেনের উদ্দেশ্যে। ব্রিটেনের প্রধানমন্ত্রী কেয়ার স্টারমারের সঙ্গে বৈঠক ও আলোচনা করবেন প্রধানমন্ত্রী। তিনি রাজা তৃতীয় চার্লসের সঙ্গেও দেখা করবেন। ভারত এবং ব্রিটেন উভয় দেশের ব্যবসায়ী নেতৃত্বের সঙ্গেও মতবিনিময়ের পরিকল্পনা করা হয়েছে। দায়িত্ব গ্রহণের পর এটি প্রধানমন্ত্রীর চতুর্থ ব্রিটেন সফর হবে।**

**এরপর প্রধানমন্ত্রীর মালদ্বীপ সফর ২৫ এবং ২৬ জুলাই অনুষ্ঠিত হবে। তিনি মালদ্বীপের রাষ্ট্রপতি ডঃ মোহাম্মদ মুইজ্জুর আমন্ত্রণে একটি রাষ্ট্রীয় সফরে যাচ্ছেন। এই উপলক্ষে প্রধানমন্ত্রী মালদ্বীপের স্বাধীনতার ৬০-তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।**

# কসবাকাণ্ড: অভিযুক্তদের গেট পরীক্ষা

**নিজস্ব প্রতিবেদন: এ বার 'গেট পরীক্ষা' হতে চলেছে কসবার কলেজে গণধর্ষণকাণ্ডের মূল অভিযুক্তের। বুধবার ধৃতদের এই পরীক্ষা করেন তদন্তকারীরা। এই পরীক্ষায় মূলত অভিযুক্তের শরীরের গতিবিধি পর্যবেক্ষণ করে তা বিশ্লেষণ করে দেখা হয়। কসবাকাণ্ডেও ধৃতদের পরীক্ষার পর ফলাফলের সঙ্গে মিলিয়ে দেখা হবে ঘটনার দিনের সিসিটিভি ফুটেজ এবং ভিডিয়ো প্রমাণ।**

**কসবার সাউথ ক্যালকাটা ল কলেজে গণধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত 'এম'-এর 'গেট পরীক্ষা' সংশোধনাগারের ভিতরেই হয় এই পরীক্ষা। বিশেষ প্রযুক্তির মাধ্যমে সিসিটিভি ক্যামেরার ছবির সঙ্গে অভিযুক্তদের হাঁটাচলা মিলিয়ে দেখা হয়। ধৃতদের এই বিশেষ পরীক্ষা করতে চেয়ে আগেই আবেদন করা**




হয়েছিল। বুধবার সেই পরীক্ষার অনুমতি মিলেছে। এই পরীক্ষাতেই প্রমাণ হয়ে যাবে, ল কলেজের সিসিটিভি থেকে উদ্ধার হওয়া ফুটেজে যাঁদের দেখা গিয়েছে, তাঁরা আদৌ 'এম' ও তাঁর সঙ্গীরা কি না।

এদিকে, কসবা আইন কলেজ কাণ্ডে ধর্ষিতা ছাত্রীর অভিযোগের পর তদন্ত চলছে দ্রুত গতিতে। বাজেয়াপ্ত চারটি মোবাইলের ফরেনসিক রিপোর্ট হাতে পেয়েছে লালবাজার। মনোজিৎ মিশ্র ও তাঁর দুই সহযোগীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট তথ্যও সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি এও জানা যাচ্ছে, কলেজের দুটো জায়গা থেকে রক্তের নমুনা মিলেছে। এই রক্তের নমুনা মিলেছে ইউনিয়ন রুমের মেঝেতে আর গার্ড রুমে থাকা হলুদ রঙের বেড শিটে।

গত ২৫ জুন কসবার কলেজে এক ছাত্রীকে গণধর্ষণের অভিযোগ ওঠে। ওই ঘটনায় গ্রেপ্তার হন কলেজেরই এক প্রাক্তন ছাত্র তথা বর্তমান কর্মী 'এম', দুই বর্তমান ছাত্র এবং কলেজের রক্ষী। মঙ্গলবার চার জনকে ফের ১৪ দিনের জেল হেপাজতে পাঠিয়েছে আদালত। আগামী ৫ অগস্ট পর্যন্ত জেলেই থাকবেন তাঁরা।

# সিইও-র উপর নিয়ন্ত্রণে চাপানউতোর বিভিন্ন মহলে



**নিজস্ব প্রতিবেদন** মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরকে রাজ্যের সরকারের নিয়ন্ত্রণমুক্ত করতে নির্বাচন কমিশনের উদ্যোগকে কেন্দ্র করে বিভিন্ন মহলে চাপানউতোর অব্যাহত। তবে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের উপর রাজ্য সরকারের নিয়ন্ত্রণ অবশ্যম্ভাবী বলে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মনে করেন। বুধবার সাংবাদিকের প্রশ্নের উত্তরে তিনি জানান, ওই দপ্তরের কর্মীদের রাজ্য সরকার নিয়োগ করে। রাজ্য সরকারের অর্থ দপ্তর তাঁদের বেতন দেয়। অথচ ওই দপ্তরের উপর রাজ্যের কোনও নিয়ন্ত্রণ থাকবে না; এটা হতে পারে না। বিষয়টি যে বিতর্কিত, তা স্পষ্ট করে বিমানবাবু জানিয়েছেন, বিষয়টি নিয়ে খোঁজ নেওয়া হচ্ছে। রাজ্য সরকারের একাধিক মহলে ইতিমধ্যেই আলোচনাও শুরু হয়েছে। সূত্রের খবর, এই ইস্যুতে প্রশাসনিক স্তরে নয়া নির্দেশ আসতে পারে।

রাজনৈতিক মহলের মতে, রাজ্য ও নির্বাচন কমিশনের সম্পর্ক ঘিরে সাম্প্রতিক সময়ে যে টানাপোড়েন তৈরি হয়েছে, তারই পরিপ্রেক্ষিতে এই মন্তব্য গুরুত্বপূর্ণ। বিশেষ করে ভোটার তালিকা সংশোধন থেকে শুরু করে নিয়োগ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সিইও-র ভূমিকা নিয়ে আগেই প্রশ্ন তুলেছিল রাজ্য সরকার। এবার বিধানসভার স্পিকারের এই মন্তব্যে সেই বিতর্কে নতুন মাত্রা যোগ হল।

# পাঠানো হয়েছে ভুল দেহ!

**আমদাবাদ, ২৩ জুলাই:** এয়ার ইন্ডিয়া দুর্ঘটনার পর ভুল দেহ পেয়েছেন মৃতদের পরিবার! এমনই অভিযোগ এনেছেন ব্রিটেনের দুই পরিবার। তাঁদের আইনজীবীর মতে, দুর্ঘটনার পর যে দেহ তাঁদের হাতে তুলে দেওয়া হয়েছে সেগুলোর ডিএনএ আবার পরীক্ষা করানো হয়। তখনই দুই পরিবার জানতে পারে, ভুল দেহ পাঠানো হয়েছে তাঁদের।

দুই পরিবারের আইনজীবী জানান, তাঁদের আত্মীয়দের দেহ ভুলভাবে শনাক্ত করা হয়েছে। ভুল দেহ পাঠানো হয়েছে ব্রিটেনে। একজনের দেহাবশেষ একেবারেই ভুল ছিল। অপরজনের দেহাবশেষের সঙ্গে মিশে ছিল অন্য কারোর দেহ। লন্ডনে ডিএনএ শনাক্ত করে ওই দুই দেহাবশেষ আলাদা করা হয়। শেষ পর্যন্ত একজনের শেষকৃত্যও বাতিল করতে হয়। কারণ নিজেদের আত্মীয়ের দেহাবশেষ পরিবারের হাতে এসে পৌঁছয়নি। ডিএনএ পরীক্ষার মাধ্যমে অপরজনের দেহাবশেষ আলাদা করা হয়।

বিষয়টি নিয়ে বিবৃতি প্রকাশ করেছে ভারতের বিদেশ মন্ত্রক।

### আমদাবাদ দুর্ঘটনা




মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, 'সংবাদমাধ্যমের রিপোর্ট আমরা দেখেছি। এ বিষয়ে ব্রিটেনের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। নিয়ম মেনে দেহ চিহ্নিতকরণের কাজ করেছিলেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। পেশাদারিত্ব এবং শ্রদ্ধার সঙ্গেই নিহতদের দেহ কফিনবন্দি করে পাঠানো হয়েছিল।'

আমদাবাদের মর্মান্তিক দুর্ঘটনার পর সেখানকার সরকারি হাসপাতালে ডিএনএ পরীক্ষার মাধ্যমে দেহ শনাক্ত করা হয়েছিল। তারপর কফিনবন্দি দেহ তুলে দেওয়া হয় মৃতদের পরিবারের হাতে। সবমিলিয়ে ব্রিটেনের ৫৩ জন নাগরিকের মৃত্যু হয় আমদাবাদ বিমান দুর্ঘটনায়। দুর্ঘটনায় মৃত অধিকাংশ ব্রিটিশ নাগরিকের শেষকৃত্য হয়ে গিয়েছে ভারতেই। তবে ১২ জনের দেহ পাঠানো হয়েছিল ব্রিটেনে। কিন্তু তার মধ্যে দু'জনের দেহ ফের ডিএনএ পরীক্ষা করতেই দেখা যায়, ভুল দেহ পাঠানো হয়েছে।

## গ্রেপ্তার

■ জঙ্গি সংগঠন আল কায়দার হয়ে কাজ করার অভিযোগে ভারতের তিন শহর থেকে ৪ জন সন্দেহভাজন যুবককে গ্রেপ্তার করল গুজরাত পুলিশ। জানা গিয়েছে, ৪ জনের মধ্যে দু'জনকে গুজরাত এবং বাকি ২ জনকে উত্তরপ্রদেশের নয়ডা এবং দিল্লি থেকে গ্রেপ্তার করা হয়েছে। খবরটি প্রকাশ্যে আসতেই চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। পুলিশ সূত্রে খবর, ধৃতদের নাম মহম্মদ ফাইক, মহম্মদ ফারদিন, সেফুল্লাহ কুরেশি এবং জিশান আলি। তারা প্রত্যেকেই ভারতের বাসিন্দা। বয়স ২০ থেকে ২৫ বছরের মধ্যে।

## নতুন ঘূর্ণাবর্ত

■ পশ্চিম-মধ্য উত্তর-পশ্চিম সংলগ্ন এলাকায় চিনের বিধ্বংসী ঘূর্ণিঝড় উইফা-র অবশিষ্ট অংশে জুড়ে উত্তর বঙ্গোপসাগরে বৃহস্পতিবার নতুন করে ঘূর্ণাবর্ত শক্তিশালী হবে বলে জানিয়েছে আলিপুর আবহওয়া দপ্তর। এই ঘূর্ণাবর্ত থেকে বৃহস্পতিবার উত্তর বঙ্গোপসাগরে নিম্নচাপ তৈরির প্রবল সম্ভাবনা। এর প্রভাবে বৃহস্পতিবার থেকে সোমবার পর্যন্ত ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গে। নিম্নচাপের প্রভাবে উত্তর ও মধ্য বঙ্গোপসাগর উত্তাল থাকবে। মৎস্যজীবীদের বৃহস্পতিবার থেকে বাংলা এবং ওড়িশা উপকূলে উত্তর বঙ্গোপসাগরে যেতে নিষেধ করা হয়েছে।

-বিস্তারিত শহরের পাতায়

## নিশানায় পাক

■ অপারেশন সিঁদুরে সপাটে চড় কষানোর পর, এবার রাষ্ট্রসংঘে পাককে ফের একহাত নিল ভারত। রাষ্ট্রসংঘে ভারতের প্রতিনিধি পর্বতনেনি হরিশ জানান, সন্ত্রাস ও ধর্মান্ধতায় ডুবে রয়েছে পাকিস্তান। বেঁচে রয়েছে ঋণের উপর। পাকিস্তানকে ঋণ দেওয়ার জন্য আইএমএফের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছে ভারত। রাষ্ট্রসংঘে অংশ নিয়ে হরিশ বলেন, ভারত হল একটি গণতান্ত্রিক দেশ।

## অধিবেশন

■ বাংলা ভাষাভাষী পরিযায়ী শ্রমিকদের উপরে নিগ্রহের অভিযোগ নিয়ে আলোচনা করতে রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন ডাকা হচ্ছে। আগামী ৮ অগস্ট থেকে ২১ অগস্ট পর্যন্ত বিধানসভার ওই বিশেষ অধিবেশন চলতে পারে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গিয়েছে। পরিযায়ী শ্রমিক সংক্রান্ত প্রস্তাব ছাড়াও চারটি বিল ওই অধিবেশনে পেশ করা হতে পারে।

# 'তৃণমূলের অনেক বিধায়কই বুঝেছেন এবার বিদায়ের পালা'

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে তৃণমূলের দিন ফুরিয়েছে, এমনটাই দাবি করলেন বিজেপির রাজ্যসভার সাংসদ ও রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তাঁর বক্তব্য, 'জনরোষ ক্রমেই বাড়ছে। তৃণমূলের অনেক বিধায়কই বুঝে গিয়েছেন, এবার বিদায়ের পালা। হুমায়ুন কবীর বহুবার দল বদলেছেন। তিনি কোথায় দল গড়বেন, তা ঠিক করবেন এলাকার মানুষ। বিজেপি এই বিষয়ে স্পষ্ট।'

সংখ্যালঘু-সংখ্যাগুরু বিভাজনের রাজনীতির অভিযোগ নস্যাৎ করে শমীকের দাবি, 'বিজেপি কখনও ধর্মের ভিত্তিতে রাজনীতি করে না। আমরা হিন্দু-মুসলিম নির্বিশেষে বাংলার প্রতিটি নাগরিকের স্বার্থেই কথা বলি।' তাঁর কথায়, 'পশ্চিমবঙ্গ একটি সাংবিধানিক ভাবনাচিন্তার ফসল। এই ভূখণ্ডের ভিত্তি বহুত্ববাদ ও সার্বভৌমত্ব রক্ষা। বিজেপি সেই অবস্থানেই দৃঢ়ভাবে দাঁড়িয়ে।'

ভোটার তালিকায় রোহিঙ্গা ও বাংলাদেশি অনুপ্রবেশকারীদের নাম থাকার অভিযোগ তুলেছেন শমীক। প্রশ্ন তুলে বলেন, 'একই নাম একাধিক জায়গায় কেন থাকবে? নির্বাচন কমিশন কেন তা মেনে নেবে? বিরোধীরা কেন সুপ্রিম কোর্টে যাচ্ছে না? কমিশনের অবস্থান সুপ্রিম কোর্টে স্পষ্ট হয়েছে। তবু সিপিএম, কংগ্রেস ও তৃণমূল একই জায়গায় দাঁড়িয়ে এই অপ্রয়োজনীয় বিতর্ক তৈরি করছে।'

তিনি আরও বলেন, '২০২১ সালে বাংলার মানুষ সিপিএম-কংগ্রেসকে শূন্য করেছে, কারণ তারা কার্যত তৃণমূলকে সাহায্য করছিল। তাই রাজ্যে মূল লড়াই তৃণমূল বনাম বিজেপির।'

রোহিঙ্গা ইস্যুতে কড়া অবস্থান নিয়ে শমীক জানান, 'অবৈধ অনুপ্রবেশকারীদের চিহ্নিত করতে পুলিশকে সহায়তা করছে



বাঙালিরাই, হিন্দু-মুসলিম উভয়েই। অন্যান্য রাজ্য যেমন হরিয়ানা, তামিলনাড়ু, রাজস্থান বা অন্ধ্রপ্রদেশ, সেখানেও রাজ্য সরকাররা নিজের অভ্যন্তরীণ নিরাপত্তা সুনিশ্চিত করতে এমন পদক্ষেপ নিচ্ছে। দিল্লিতেও তাই হয়েছে।'

রাজ্যের পরিযায়ী শ্রমিক প্রসঙ্গে শমীকের আক্ষেপ, 'বিজেপি চায় না কোনও রোহিঙ্গা অনুপ্রবেশকারী রাজ্যের পরিশ্রমী শ্রমিকদের কাজ কেড়ে নিক।' নকল নোট ও জাল শংসাপত্রের প্রসঙ্গ তুলে তিনি বলেন, 'রিজার্ভ ব্যাঙ্কের তথ্য বলছে, সারা দেশে উদ্ধার হওয়া নকল নোটের ৭২ শতাংশ পশ্চিমবঙ্গ থেকেই আসে। এই রাজ্যেই তৈরি হচ্ছে ভুয়ো আধার ও অন্যান্য কাগজ, যার ফলে সারা দেশের বাঙালিরা হেনস্থার শিকার হচ্ছেন।'

সবশেষে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করে শমীক বলেন, 'যে রাজ্যের মুখ্যমন্ত্রী বলেন, তাঁদের রাজ্যের জিডিপি নাকি দেশের জিডিপির চেয়েও বেশি, কৃষকদের আয় তিনগুণ বেড়েছে, বেকারত্ব ৪০ শতাংশ কমেছে; সেই রাজ্য থেকেই যদি এত মানুষ পরিযায়ী শ্রমিক হিসেবে বাইরে পাড়ি দেন, তাহলে মানুষ বিশ্বাস করবে কীভাবে?'

## নতুন করে সক্রিয় ঘূর্ণাবর্ত

■ পশ্চিম-মধ্য উত্তর-পশ্চিম সংলগ্ন এলাকায় চিনের বিধ্বংসী ঘূর্ণিঝড় উইফা-র অবশিষ্ট অংশ জুড়ে উত্তর বঙ্গোপসাগরে নতুন করে ঘূর্ণাবর্ত শক্তিশালী হবে বলে জানাল আলিপুর আবহওয়া দপ্তর। এই ঘূর্ণাবর্ত থেকে বৃহস্পতিবার উত্তর বঙ্গোপসাগরে নিম্নচাপ তৈরির প্রবল সম্ভাবনা। এর প্রভাবে আজ বৃহস্পতিবার থেকে সোমবার পর্যন্ত ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গে। নিম্নচাপের প্রভাবে উত্তর ও মধ্য বঙ্গোপসাগর উত্তাল থাকবে। ৪৫ থেকে ৫৫ কিলোমিটার গতিবেগে প্রতি ঘণ্টায় ঝোড়ো হাওয়া বইবে। মৎস্যজীবীদের বৃহস্পতিবার থেকে বাংলা এবং ওড়িশা উপকূলে উত্তর বঙ্গোপসাগরে যেতে নিষেধ করা হয়েছে। ২৭ জুলাই রবিবার পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধাজ্ঞা জারি করেছে আলিপুর আবহাওয়া দপ্তর। বৃহস্পতিবার মূলত মেঘলা আকাশ। নিম্নচাপের বৃষ্টি দক্ষিণবঙ্গের সব জেলাতেই হবে। অতি ভারী বৃষ্টি হতে পারে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলাতে। পাশাপাশি শুক্রবার থেকে সোমবার পর্যন্ত ভারী বৃষ্টি হবে উত্তরবঙ্গের জেলাগুলিতে। উইকেন্ডেও উত্তরবঙ্গে হবে ভারী বৃষ্টি। শনিবার দার্জিলিং, কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা বেশি থাকবে। রবিবার দার্জিলিংয় ও কালিম্পং জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা বেশি।

## জামিনের মেয়াদ বাড়ল

■ নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত কল্যাণময় গঙ্গোপাধ্যায়ের জামিন মঞ্জুর কলকাতা হাইকোর্টে। রাজ্য পুলিশের গোয়েন্দা দপ্তর সিআইডি মামলায় জামিন পেলেন মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন চেয়ারম্যান। বাঁকুড়া থানায় তাঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের করে তদন্তে নামে সিআইডি। একই অভিযোগ ছিল শিক্ষা দপ্তরের কর্তা তথা নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত শান্তি প্রসাদ সিনহার বিরুদ্ধে। এই মামলায় আগেই জামিন পেয়েছেন শান্তি প্রসাদ।

এদিকে এখনও পর্যন্ত রাজ্য সরকারের কাছ থেকে সরকারি কর্মচারীদের বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরুর অনুমোদন মেলেনি। কিন্তু বিচারের নামে বছরের পর বছর কাউকে আটকে রাখা যায় না। তাই সাংবিধানিক অধিকারবলে বুধবার কল্যাণময় গঙ্গোপাধ্যায়ের জামিন মঞ্জুর করলেন বিচারপতি শুভ্রা ঘোষ। তবে যেহেতু তিনি এখনও সিবিআইয়ের মামলায় জেল হেপাজতে রয়েছেন, তাই এই মুহূর্তে তাঁর জেলমুক্তি হচ্ছে না। অন্যদিকে, নিয়োগ দুর্নীতিরই অন্য একটি মামলায় কালীঘাটের কাকু অর্থাৎ সুজয়কৃষ্ণ ভদ্রের জামিনের মেয়াদ এদিন বাড়িয়েছে হাইকোর্ট। বাড়ি থেকে বেরিয়ে নিজস্ব থানা এলাকার যে কোনও জায়গায় যাওয়ার অনুমতি পেতে এদিন আদালতে আবেদন জানান 'কালীঘাটের কাকু'। তাঁর সেই আবেদনের বিরোধিতা করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই।

## প্রতারণায় গ্রেপ্তার ৭

■ অনলাইনে প্রতারণার অভিযোগে গার্ডেনরিচ থেকে চারজনকে গ্রেপ্তার করল কলকাতা পুলিশ। ধৃতদের কাছ থেকে একাধিক ব্যাংকের এটিএম কার্ড উদ্ধার হয়েছে। পুলিশ জানিয়েছে, এই কার্ডগুলোর মাধ্যমে বিভিন্ন ব্যক্তির কাছ থেকে জালিয়াতির টাকাপয়সা তোলার ছক কষা হয়েছিল। ধৃতদের নাম শাহিনুর রহমান ফকির, রাহুল শেখ, আসফাক শেখ এবং আশিক মিস্ত্রি। প্রত্যেকেই সন্তোষপুর এলাকার বাসিন্দা এবং বয়স ১৮ থেকে ২৫-এর মধ্যে। অভিযোগ, মঙ্গলবার দুপুর ৩টা ১৫ মিনিট নাগাদ তারা একটি গাড়িতে করে যাচ্ছিল। সেই সময় তারাতলা রোডে ক্লিন সিটির কাছে গাড়িটি থামিয়ে তল্লাশি চালায় গার্ডেনরিচ থানার পুলিশ। একটি ধূসর ব্যাগ থেকে উদ্ধার হয় একাধিক ব্যাংকের এটিএম কার্ড। জিজ্ঞাসাবাদে তারা জানায়, ওই কার্ডগুলি তিনজন যুবকের কাছে বিক্রি করতে যাচ্ছিল। সেই সূত্র ধরে হাওড়ার শিবপুর থেকে শহিদ কাদরি, আলিমুদ্দিন শেখ ও ফিরোজ শেখকে গ্রেপ্তার করে পুলিশ। তাঁরা ওড়িশার ভদ্রকের বাসিন্দা হলেও হাওড়ায় থাকতেন।

# সম্পর্কের অশান্তি থেকে কন্যাসন্তানকে বিক্রি করলেন মা, বিস্মিত আদালত

## ফের শিশুকে ফিরে পেতে হাইকোর্টের দ্বারস্থ দম্পতি

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** মুর্শিদাবাদে দুধের শিশু বিক্রি করায় বিস্মিত কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। এই প্রসঙ্গে বিচারপতি অমৃতা সিনহা পর্যবেক্ষণ, 'মা যদি দুধের শিশুকে বিক্রি করে দেয়, তাহলে ওই শিশু সরকারি হোমেই বেশি নিরাপদ।' একইসঙ্গে এদিন তিনি এ প্রশ্নও তোলেন, 'এ কেমন মা! মামলাকারী মা, আদৌ শিশুর মা কিনা খতিয়ে দেখা উচিত। একইসঙ্গে শিশুকে বিক্রি করেছিল কিনা, তাও জানা দরকার।' প্রসঙ্গত, কন্যাসন্তানকে ফিরে পেতে হাইকোর্টে আবেদন করেন মুর্শিদাবাদ ইসলামপুরের দম্পতি। বর্তমানে কন্যাসন্তান মুর্শিদাবাদ শিশু কল্যাণ সমিতির হোমে আছে। এরই পরিপ্রেক্ষিতে অভিভাবকত্বে প্রামাণ্য নথি যাচাই করে আইনানুগ প্রক্রিয়ায় শিশুকে ফেরানোর নির্দেশও দেন বিচারপতি।



এদিকে হাইকোর্টে রাজ্য এবং শিশু কল্যাণ সমিতির আইনজীবী জয়দীপ বন্দ্যোপাধ্যায় জানান, দুগ্ধপোষ্য কন্যাসন্তানকে বিক্রি করে দেয় মা 'আসলাম' নামে একজনের কাছে। বাবা সন্তান ফিরে পেতে বিভিন্ন আবেদন করেন। তার ভিত্তিতে কন্যাসন্তান উদ্ধার করে মুর্শিদাবাদ হোমে রাখা হয়েছে। বাবা-মা'র'র অভিভাবকত্বের প্রমাণ স্বরূপ নথি ও অন্যান্য সব তথ্যও চাওয়া হয়েছে।

এদিকে সূত্রে খবর, শিশু কন্যার বাবা পেশায় পরিযায়ী শ্রমিক, মুর্শিদাবাদের ইসলামপুর থানার বাসিন্দা। তিনি কেরালায় যান কাজে। তাঁর বিয়ে হয় দৌলতাবাদে। দম্পতির ৩ সন্তান বর্তমান। স্ত্রী যখন চতুর্থ সন্তানসম্ভবা, যুবক চলে যান কেরালা। তখন স্ত্রীকে রেখে যান বাপের বাড়ি দৌলতাবাদে। ২০২২ সালে ১৪ এপ্রিল কন্যাসন্তানের জন্ম হয়।

এরপর ওই সন্তান মা বিক্রি করে দেন বলে অভিযোগ। এরপর কেরালা থেকে ফিরে যুবক থানা, আদালতে অভিযোগ জানান কন্যাকে ফিরে পেতে। ২০ মাসের সন্তানের হদিস মেলে মুর্শিদাবাদ শিশু ওয়েলফেয়ার কমিটি কাছে। শিশু দম্পতির কাছে ফেরানোর জন্য অভিভাবকত্বের প্রমাণ চায় কমিটি। এই কাগজপত্রের মধ্যে রয়েছে প্রেগনান্সি সংক্রান্ত রিপোর্ট, হাসপাতালে ভর্তি ও ছাড়া পাওয়ার কাগজের মতো আরও অনেক কিছু। এরপরই হাইকোর্টে সন্তানকে ফিরে পেতে মামলা করেন দম্পতি।

এদিকে ওই পরিযায়ী শ্রমিক জানান, কন্যা সন্তান হওয়ার সময় মনোমালিন্য হয়েছিল। সম্পর্কের টানাপোড়েনে স্ত্রী সম্ভবত বিক্রি করে দেন সন্তানকে। এখন আমাদের সম্পর্ক আগের মতোই ভালো। স্ত্রীর সঙ্গেও সম্পর্ক ভালো। আমরা সবাই একসঙ্গে থাকি। যে কোনও মূল্যে নিজের সন্তান ফিরে পেতে চাই। ওকে মানুষের মতো মানুষ করতে চাই।

# নির্বাচন কমিশনকে মমতা ব্যানার্জি ঠুঁটো জগন্নাথ বানিয়ে রেখেছিলেন: অর্জুন সিং

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** স্বাধীন নির্বাচন দপ্তর গঠন করতে নবান্নকে গত ১৭ জুলাই চিঠি পাঠিয়েছেন দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। কমিশনের নির্দেশ, পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরকে স্বতন্ত্র হিসাবে ঘোষণা করতে হবে। কেন্দ্রীয় নির্বাচন কমিশনের নির্দেশকে সাধুবাদ জানিয়ে বুধবার জগদ্দলের মজদুর ভবনে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রাক্তন সাংসদ অর্জুন সিং বলেন, এটি একটি স্বতন্ত্র সাংবিধানিক সংস্থা কিন্তু মমতা ব্যানার্জি আইপ্যাককে কাজে লাগিয়ে নির্বাচন কমিশনের পুরো সিস্টেমকে কবজা করে নিয়েছিলেন। আর এই সুযোগে আইপ্যাক কোটি কোটি টাকা কামিয়েছে। তাঁর অভিযোগ, নির্বাচন কমিশনকে মমতা ব্যানার্জি ঠুঁটো জগন্নাথ বানিয়ে রেখেছিলেন। তাই কেন্দ্রীয় নির্বাচন কমিশনের এই নির্দেশে ওনার খুব কষ্ট হচ্ছে। মমতা ব্যানার্জির কষ্টের কারণ ব্যাখ্যা করে বিজেপি নেতা অর্জুন সিং বলেন, আসলে রোহিঙ্গা, বাংলাদেশ অনুপ্রবেশকারী এবং পাকিস্তানিরা আর বাংলায় থাকতে পারবে না। তাঁর অভিযোগ, এক-একজন সংখ্যালঘু ভোটারদের নাম চার-পাঁচ জায়গায় আছে। তাঁর দাবি, বিহারে ৫২ লক্ষের বেশি ভুয়ো ভোটারের নাম বাদ যাবে। বাংলায় বাদের সংখ্যাটা এক কোটির ওপরে যাবে। বিজেপি নেতা অর্জুন সিংয়ের আরও দাবি, সাংবিধানিক পদে বসে মমতা



ব্যানার্জি বাংলাদেশের রোহিঙ্গা এবং পাকিস্তানি লোকদের সমর্থন করছেন। কিন্তু এবার পশ্চিমবঙ্গের সনাতনীরা বুঝে গেছেন, মমতা ব্যানার্জি কাদের জন্য লড়াই করছেন। মমতা ব্যানার্জি বাংলাদেশি অনুপ্রবেশকারী এবং রোহিঙ্গাদের জন্য লড়ছেন। তিনি বলেন, দেশের সিএএ আইনে স্পষ্ট উল্লেখ আছে, হিন্দু, বৌদ্ধ, জৈন, খ্রিষ্টান যারা বাংলাদেশ কিংবা পাকিস্তান থেকে আসবে, তাদের ভারতীয় নাগরিকত্ব দেওয়া হবে। অসম সরকারের প্রসঙ্গ তুলে ধরে এদিন প্রাক্তন সাংসদ বলেন, অসম সরকার অনেকদিন আগেই সরকারি বিজ্ঞপ্তি জারি করে রাজবংশী, কোচ ও মতুয়া সম্প্রদায়ের নাগরিকত্বের মান্যতা দিয়েছে। তা সত্ত্বেও, মমতা ব্যানার্জি রাজনৈতিক স্বার্থে মিথ্যা প্রচার করে চলেছেন। আসলে মমতা ব্যানার্জি মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। মুখ্যমন্ত্রীকে নিশানা করে তিনি বলেন, ২১ জুলাইয়ের মঞ্চে দাঁড়িয়ে উনি বড় বড় কথা বলছেন। আর বাংলায় ২৬ হাজার শিক্ষকদের চাকরি চলে গেল। বাঙালি হিন্দুরা নির্যাতনের শিকার। ধর্ষিতা হচ্ছেন বাঙালি হিন্দু পরিবারের মেয়েরা। সন্দেশখালিতে শেখ শাহাজানের কুকীর্তি সবাই জানে। তাঁর অভিযোগ, মমতা ব্যানার্জি এখন ভাষাভাষী বিভেদের চেষ্টা করছেন। কিন্তু ওড়িয়া, মাদ্রাসি, বিহারী, বাঙালি সবাই একজোট আছেন। তাই মমতা ব্যানার্জির ভেদাভেদের রাজনীতি আর ধোপে টিকবে না। প্রসঙ্গত, মমতা ব্যানার্জি পাড়ায় পাড়ায় সমাধান প্রকল্প ঘোষণা করেছেন। এই প্রকল্পকে কটাক্ষ করে অর্জুন সিং বলেন, দুয়ারে সরকার প্রকল্প পুরো ব্যর্থ। এবার পাড়ায় পাড়ায় সমাধান প্রকল্প উনি চালু করবেন। বাংলার মানুষ এবার মিথ্যাশ্রী পুরস্কার দিয়ে ওনাকে ঝেঁটিয়ে বিদায় করবে।

# নিউটাউনে গৃহবধূ হত্যার পিছনে রয়েছে মৃতার একাধিক সম্পর্ক

**নিজস্ব প্রতিবেদন, নিউটাউন:** নিউটাউনের গেস্ট হাউসে দক্ষিণ দিনাজপুরের বধূ খুনের পিছনে রয়েছে একাধিক যুবকের সঙ্গে সম্পর্ক। সঙ্গে এও জানা গেছে, স্বামী বিশ্বজিৎ মণ্ডল দিল্লিতে কর্মরত থাকাকালীন অন্তঃসত্ত্বা হয়ে পড়েছিলেন মৃতা। তাতেই অশান্তির সূত্রপাত। এরপর স্ত্রীর একাধিক সম্পর্কের কথা জানতে পারেন অভিযুক্ত। কিন্তু বহুবার স্ত্রীকে বুঝিয়েও ঘরমুখি করতে পারেননি বলেই খবর। পুলিশের দাবি, ধৃত জেরায় স্ত্রীর পরকীয়ার কথা স্বাকীর করেছে।



পুলিশ সূত্রে এ খবরও মিলেছে যে, পুলিশি জিজ্ঞাসাবাদে ধৃত বিশ্বজিৎ মণ্ডল জানিয়েছে, অন্য পুরুষের সঙ্গে স্ত্রী ইতিকার ঘনিষ্ঠ মুহূর্তের ছবি দেখতে পেয়েছিলেন তিনি। এরপরে তাঁকে এই বিষয়ে জিজ্ঞাসা করলে একাধিকবার ঝামেলা হয়। এরপর সোমবার দুপুরের নিউটাউনে গেস্ট হাউসে ওঠার পর এই সংক্রান্ত বিষয় নিয়ে কথা উঠলে স্ত্রী জানান, তাঁর প্রচুর টাকার প্রয়োজন। মাসে মাসে তাঁকে ১০ হাজার করে টাকা দিতে হবে। নাহলে তাঁর যা ইচ্ছে তাই করবেন তিনি। এরপরই কথা কাটাকাটি শুরু হয়। তার মাঝেই স্ত্রীর গলায় বেল্ট গলায় পেঁচিয়ে ধরে বিশ্বজিৎ হুমকি দেওয়ার সময় আচমকাই বেল্টের ফাঁস লেগে যায়। শ্বাসরোধ হয়ে মৃত্যু হয় ইতিকার। এরপরই ১০০ নম্বরে ডায়ালে ফোন করে জানান বিশ্বজিৎ। এরপর তিনি নিজের মোবাইলে ভিডিও করেন এবং সেখানে জানান কেন স্ত্রী ইতিকাকে খুন করেছেন তিনি। ঘটনার খবর পেয়ে নিউটাউন থানার পুলিশ খবর পেয়ে নিউটাউন গৌরাঙ্গ নগর সাহা মার্কেটের গেস্ট হাউসে পৌঁছয়। গেস্ট হাউসের তিনতলার ঘর থেকে গৃহবধূর দেহ উদ্ধার করে পুলিশ।

# চতুর্থ শ্রেণির পড়ুয়াকে মারধর শিক্ষিকার, পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** চতুর্থ শ্রেণির এক পড়ুয়াকে ছাতা দিয়ে মারধরের অভিযোগ উঠল স্কুলেরই দুই শিক্ষিকার বিরুদ্ধে। ওই পড়ুয়ার শরীরের একাধিক জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে বলেও অভিযোগ। এই ঘটনায় পরিবারের তরফে মানিকতলা থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। একইসঙ্গে পুলিশের দিকেও আঙুল তুলেছে ওই ছাত্রীর পরিবার। পরিবারের তরফ থেকে বলা হয়েছে, পুলিশ এই ঘটনায় ঠিকভাবে তদন্ত করছে না। সূত্রে খবর, মানিকতলা বাণীপিঠ স্কুলের চতুর্থ শ্রেণিতে পড়ে ওই নাবালিকা। স্কুলে পড়া না পারায় এক শিক্ষিকা তাকে বকাবকি করেন। একইসঙ্গে ছাতা দিয়ে ছাত্রীর হাঁটুতে বেশ কয়েকবার মারেন। এই মারধরে কানেও আঘাত লাগে ওই ছাত্রীর। এরপরই অসুস্থ হয়ে পড়ে ওই নাবালিকা। পরিবারের অভিযোগ, সেই দিন স্কুল থেকে ফেরার পর জ্বরে ভুগতে শুরু করে। ঘটনার সম্পর্কে প্রথমে কিছু বলতে না চাইলেও পরে বাবা-মা'র জোরাজুরিতে পুরো বিষয়টি জানায় নাবালিকা। এই ঘটনার পর থেকেই সে খুব ভয়ে ভয়ে আছে বলেও জানিয়েছে পরিবার। এমনকী তারপর থেকে স্কুলে যেতেও চাইছিল না সে। জানা যায়, শিক্ষিকারা তাকে মৌখিকভাবে ৭ দিনের জন্য স্কুল থেকে বরখাস্ত করেছে। এরপর পুলিশে অভিযোগ দায়ের করা হলেও অভিযুক্ত শিক্ষিকাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি বলে ওই ছাত্রীর পরিবার জানায়।



আমি বাঙালি...
এই স্লোগানে বামফ্রন্টের ডাকা বাঙালিদের ওপর অত্যাচারের প্রতিবাদ মিছিলে সামিল এই খুদে।

ছবি: অদিতি সাহা

# শরৎ বোস রোডে যুবকের খুনের ঘটনার কিনারা পুলিশের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** দক্ষিণ কলকাতার শরৎ বোস রোডের ফুটপাতের উপর থেকে উদ্ধার হয়েছিল এক যুবকের মৃতদেহ। পাথর দিয়ে আঘাত করে ওই যুবককে 'খুন' করা হয়েছিল বলে প্রাথমিকভাবে মনে করেছিল টালিগঞ্জ থানার পুলিশ। মঙ্গলবারের ওই ঘটনার তদন্তে নেমে কয়েক ঘণ্টার মধ্যেই কিনারা করলেন তদন্তকারীরা। দক্ষিণ ২৪ পরগনার জয়নগর থেকে গ্রেপ্তার করা হল অভিযুক্তকে। ধৃতের নাম রাজু নস্কর। ধৃত রাজু নস্কর খুনের কথা স্বীকার করেছে বলেও পুলিশ সূত্রে খবর।

প্রসঙ্গতস, মঙ্গলবার সকালে টালিগঞ্জ থানার শরৎ বোস রোডের সুদেশ ভবনের কাছের ফুটপাতে এক যুবকের মৃতদেহ পড়ে থাকতে দেখা গিয়েছিল। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। টালিগঞ্জ থানার পুলিশ তদন্ত শুরু করে জানতে পারে মৃত ওই যুবকের নাম সোমনাথ চক্রবর্তী। তিনি মহেশতলা এলাকার বাসিন্দা। দক্ষিণ কলকাতা এলাকায় তিনি ভিক্ষা ও অন্যান্য কাজ করতেন বলে খবর। প্রাথমিক তদন্তে পুলিশ অনুমান করে, ওই যুবককে 'খুন' করা হয়েছে। কারণ, পুলিশের নজরে আসে যুবকের কানে আঘাত ছিল। রক্ত পড়তেও দেখা গিয়েছিল। ডান হাত ভাঙা ছিল। পাথর মেরে ওই যুবককে খুন করা হয়েছে কি না সেই প্রশ্নও ওঠে।

এরপর টালিগঞ্জ থানার পুলিশ মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠায়। পাশাপাশি ওই এলাকার সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে তথ্য পাওয়ার চেষ্টা শুরু হয়। সেই সূত্র ধরে রাজু নস্করের খোঁজ পাওয়া যায় বলে খবর। জানা যায়, রাজু নস্করের বাড়ি দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে। এরপরই তদন্তকারীরা জয়নগরে হানা দিয়ে বাড়ি থেকে রাজুকে গ্রেপ্তার করে। প্রাথমিকভাবে পুলিশ জানতে পেরেছে, ধৃত রাজুও কলকাতার রাস্তায় ভিক্ষা করত। সোমনাথের সঙ্গে রাজুর বেশ কিছুদিন ধরে ঝামেলা হয়েছিল। সেই আক্রোশ থেকেই সোমনাথকে রাজু 'খুন' করে বলে খবর। ধৃতকে আরও জেরা করে তথ্য পেতে চাইছেন তদন্তকারীরা।

# ওড়িশা নিয়ে উদ্বেগজনক পরিবেশ তৈরি করবেন না, মন্তব্য ওড়িশার এজি পীতাম্বর আচার্যের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ওড়িশায় বাংলাভাষীদের হেনস্তার যে অভিযোগ করা হচ্ছে তা নিয়ে উদ্বেগজনক পরিস্থিতি তৈরি না-করার আবেদন জানালেন ওড়িশা সরকারের অ্যাডভোকেট জেনারেল পীতাম্বর আচার্য। কলকাতা হাইকোর্টে পরিযায়ী শ্রমিকদের ওড়িশায় আটকে রাখার অভিযোগ সংক্রান্ত মামলার শুনানিতে রাজ্যের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের উদ্দেশ্যে তিনি বলেন, 'বাঙালিরা আমাদের ভাই-বোন-বন্ধু। আমাদের প্রতিবেশী। দয়া করে উদ্বেগজনক পরিবেশ তৈরি করবেন না।'



প্রসঙ্গত, পরিযায়ী শ্রমিক নিয়ে বুধবার কলকাতা হাইকোর্টের বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের বেঞ্চে এই মামলার শুনানি ছিল। এদিনের শুনানিতে ওড়িশা সরকারের তরফ থেকে আদালতে জানানো হয়, বাঙালি হলেই এদেশের নয় বলে গ্রেপ্তার করা হচ্ছে, এরকম যে অভিযোগ উঠছে, সেটা একেবারেই ঠিক নয়। এর পাশাপাশি ওড়িশা সরকারের তরফ থেকে জানানো হয় কাউকেই গ্রেপ্তার করা হয়নি।

উল্লেখ্য, গত ৩০ জুন সাইনুল ইসলাম-সহ বেশ কয়েকজন পরিযায়ী শ্রমিককে বাংলাদেশি সন্দেহে আটক করে ওড়িশা পুলিশ। যদিও, ইতিমধ্যে তাঁদের ছেড়ে দেওয়া হয়েছে। সাইনুল এখন তাঁর বাবার সঙ্গে রয়েছেন। আর এই প্রসঙ্গে ওড়িশা সরকারের অ্যাডভোকেট জেনারেল পীতাম্বর আচার্য এদিন আদালতে বলেন, গ্রেপ্তার কাউকেই করা হয়নি। আইন অনুযায়ী ওঁদের নথিপত্র যাচাই করা হয়েছিল। রাজ্যের তরফে এদিন সওয়াল করেন আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তার উদ্দেশে ওড়িশার এজি পি আচার্য বলেন, আমাদের প্রধান বিচারপতি বাংলা থেকে এসেছেন। এখানে বাঙালি-অবাঙালি বিষয় নয়। এদেশের নাগরিক কি না, সেটা যাচাই করা হচ্ছে।

বিচারপতি তখন এজি পি আচার্যর কাছে জানতে চান, গ্রেপ্তার না আটক, তা আদালতে জানাতে হবে। প্রত্যুত্তরে এজি বলেন, কোনও গ্রেপ্তার হয়নি। ফরেনার্স আইন অনুযায়ী, যাঁদের নাগরিকত্ব নিয়ে সন্দেহ, তাঁদের জিজ্ঞাসাবাদ ও তথ্য যাচাই করা হচ্ছে। এটা আইন অনুযায়ী ভেরিফিকেশন। এরপরই কল্যাণ বন্দ্যোপাধ্যায় প্রশ্ন করেন, হঠাৎ করে কেউ বিদেশি হয়ে গেল? ওড়িশা সরকার কীসের ভিত্তিতে এদের সন্দেহ করল? তার যুক্তিসঙ্গত কারণ থাকতে হবে তো! প্রচুর বাংলাভাষী শ্রমিক ওড়িশায় রয়েছেন। সঙ্গে এও জানান, ৪০০ জন বাঙালিকে গ্রেপ্তার করা হয়েছে। এরই উত্তরে ওড়িশার এজি বলেন, বাঙালি-অবাঙালি বলে বিভ্রান্ত করবেন না। দেশের ব্যাপার। পুরীতে আসুন নিমন্ত্রণ রইল।

এরপরই বিচারপতি তপব্রত চক্রবর্তী এবং বিচারপতি ঋতব্রতকুমার মিত্রের ডিভিশন বেঞ্চ আগামী তিন সপ্তাহের মধ্যে ওড়িশা সরকারকে এই বিষয়ে হলফনামা দিয়ে তাদের বক্তব্য জানাতে নির্দেশ দেন। আগামী ২৯ অগস্ট ফের শুনানি এই মামলার।

প্রসঙ্গত, কয়েকদিন আগে পরিযায়ী শ্রমিকদের হেনস্তার অভিযোগে দায়ের হওয়া মামলায় বিচারপতি তপব্রত চক্রবর্তী এবং বিচারপতি ঋতব্রতকুমার মিত্রের ডিভিশন বেঞ্চ কেন্দ্রের অ্যাডিশনাল সলিসিটর জেনারেলের উদ্দেশ্যে বলেন, আমরা জানতে চাই হঠাৎ করে কেন দেশের বিভিন্ন রাজ্যে বাংলাদেশি শনাক্ত করার কাজ শুরু হল? এর পিছনে কারণ কী? সব রাজ্যের জন্য কেন জুন মাস বেছে নেওয়া হল? তার পিছনে একটি কারণ আছে নিশ্চয়ই। কিন্তু, এ ক্ষেত্রে কী কারণ রয়েছে? পূর্বপরিকল্পিত ভাবেই কি এটা করা হচ্ছে? অভিযোগ উঠছে, বাংলায় কথা বলার জন্য আটক করা হচ্ছে। অ্যাডিশনাল সলিসিটর জেনারেলকে বিচারপতিরা বলেন, আমরা অনুরোধ করব এই বিষয়টি নিয়ে তথ্য জানানো হোক। না-হলে ভুল বার্তা যেতে পারে। যেমন অভিযোগ উঠছে, বাংলায় কথা বলার জন্য আটক করে বাংলাদেশে পাঠানো হচ্ছে।

# টালিগঞ্জ স্টুডিও পাড়ার সংঘাত মামলায় রাজ্যকে ভর্ৎসনা আদালতের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** টালিগঞ্জ স্টুডিও পাড়ার গোলমাল মামলায় ১৬ জুলাই তথ্য সচিবের বৈঠকের সিদ্ধান্ত হাইকোর্টে জানাতে পারল না রাজ্য। এর পাশাপাশি ফেডারেশনকে আলাদা করে ডেকে শুনানি করায় চরম ক্ষুব্ধ হতে দেখা গেল বিচারপতি অমৃতা সিনহাকে। ঘটনার প্রেক্ষিতে তিনি জানতে চান, তথ্য সংস্কৃতি সচিবের এত দুঃসাহস হয় কী করে। এরপরই বিচারপতি ভর্ৎসনার সুরে জানান, হাইকোর্ট যা নির্দেশ দিয়েছেন, তার বাইরে গিয়ে কাজ করেছেন সচিব।




প্রসঙ্গত, কাজ করতে বাধা দেওয়া হচ্ছে বলে অভিযোগ তুলে মামলা করেছিলেন টালিগঞ্জের পরিচালকদের একাংশ। কারণ, সংঘাতের এক বাতাবণ তৈরি হয়েছে পরিচালক ও ফেডারেশনের মধ্যে। এরই প্রেক্ষিতে বুধবার পরিচালকদের দায়ের করা মামলার শুনানি হয় বিচারপতি অমৃতা সিনহার এজলাসে। এদিকে ৮ জুলাই রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরের আইনজীবী আদালতকে জানান, ৭ জুলাই বৈঠকের নোটিস জারি করা হয়েছে। সেই বৈঠক ১৬ জুলাই সচিবের নেতৃত্বে হবে। আদালত নির্দেশ দিয়েছিল, বৈঠকে মামলায় যুক্ত সব পক্ষকে ডাকতে হবে এবং প্রত্যেককে তাঁর বক্তব্য রাখার সুযোগ দিতে হবে। পরিচালক ও ফেডারেশনের বিরোধে আলোচনা করে সমস্যার সমাধান করতে নির্দেশ দেওয়া হয়েছিল প্রশাসনকে।

হাইকোর্টের এই নির্দেশ মেনে পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী, রবীন্দ্রসদনে রাজ্যর তথ্য-সংস্কৃতি দপ্তরের সচিব শান্তনু বসুর ডাকা বৈঠকে ১১ জন পরিচালক হাজির হলেও অনুপস্থিত ছিলেন ফেডারেশন সভাপতি স্বরূপ বিশ্বাস। এক পক্ষ অনুপস্থিত থাকায় এই বৈঠকে সব শর্ত মানা হয়নি বলে আদালতে অভিযোগ ওঠে। আর তাতেই ক্ষুব্ধ হন বিচারপতি সিনহা।

এই ঘটনায় রাজ্যের কৌঁসুলি অনিন্দ্য মিত্রের কাছে বিচারপতি অমৃতা সিনহা জানতে চান, কে তাঁকে আলাদা করে বৈঠক করতে বলেছে? সেই কারণে ন্যাচারাল জাস্টিসের কথা বলা হচ্ছে। ৮ জুলাই নোটিসে রাজ্য বলে সবাইকে একসঙ্গে ডেকে বৈঠক হবে। সেখানে সচিব কী করে এক পক্ষকে আলাদা ডাকেন? আর এখানেই বিচারপতির ধারনা, কিছু আছে এর পিছনে। কিছু একটা চলছে। এর পরেই তথ্য ও সংস্কৃতি সচিবের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়ার কথা বলেন বিচারপতি।

রাজ্যের কৌঁসুলিকে তিরস্কারের সুরে বিচারপতি সিনহা বলেন, সচিবের ভূমিকা কিন্তু অনেক প্রশ্নের জন্ম দিচ্ছে। প্রকৃত ঘটনা লুকিয়ে রাখতে একজন সিনিয়র আইনজীবীকে দাঁড় করিয়ে ম্যানেজ করার চেষ্টা হয়েছে। আমি জানি কী চলছে। আমার মুখ খোলাবেন না। সচিব যা নোটিস দিয়েছেন, কোর্টকে যা বলেছেন, তার উল্টো কাজ করেছেন। এরপরই ৩০ জুলাই সব পক্ষকে নিয়ে ফের বৈঠকের নির্দেশ দেন বিচারপতি। এই বৈঠকের পর আগামী ৮ অগস্ট আদালতে তথ্য সংস্কৃতি সচিবকে রিপোর্ট জমা নেওয়ার নির্দেশ দেন তিনি।

## সম্পাদকীয়

# সরকার দিচ্ছে, পাচ্ছে না স্কুল, কোন জাদুমন্ত্রে মাঝপথে উধাও ক্লাসরুম সংস্কারের টাকা?

স্বাধীনতার আগের স্কুল। পড়ুয়ার সংখ্যা এখনও চারশোর ওপর। আছে পর্যাপ্ত শিক্ষক। কিন্তু তা সত্ত্বেও ধুঁকছে উচ্চ মাধ্যমিক স্কুল। সব থেকেও নেই শুধু ক্লাসরুম। ঘরের অভাবে দিনের পর দিন ক্লাস হয় না একাধিক বিষয়ে। খুব প্রয়োজনে বিপজ্জনক বিল্ডিংয়েই চলে ক্লাশ। ভয়ে কাঠ হয়ে থাকে পড়ুয়া থেকে শিক্ষকরা। এভাবেই চলছে এ রাজ্যের সরকার পোষিত একটি হাইস্কুল। পশ্চিম মেদিনীপুর জেলার খড়্গপুর-১ ব্লকের ভেটিয়াচণ্ডী হাইস্কুলের চেনা ছবি এটাই। সত্যি বলতে এ রাজ্যের অনেক স্কুলেই এই ছবি দেখা যায়। কিন্তু ভেটিয়াচণ্ডী স্কুলের ঘটনাটা একটু অন্যরকম। ক্লাসরুম না থাকায় কিছুদিন আগে স্কুল কর্তৃপক্ষ ক্লাসরুমের জন্য টাকা বরাদ্দের আবেদন জানান সরকারি দফতরে। তখনই সামনে আসে সেই ঘটনা। জানা যায়, ওই স্কুলকে নাকি অনেক আগেই ক্লাসরুম সংস্কারের জন্য ২০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। খরচের হিসেব না মেলায় সরকার আর নতুন করে বরাদ্দ করবে না। স্কুল বলছে, ২০ লক্ষ টাকা তো অনেক দূর, এক টাকাও ঢোকেনি স্কুলের অ্যাকাউন্টে। তাহলে কোথায় গেল ২০ লক্ষ টাকা? পুরোটাই ম্যাজিক! প্রধান শিক্ষক বলছেন, ক্লাসরুমের জন্য বারবার আবেদন জানিয়েছি। অন্তত ১০টি ক্লাসরুম প্রয়োজন। তার জন্য ৮০ লক্ষ টাকা চেয়ে আবেদন জানিয়েছি। কিন্তু সাহায্য না মেলায় পরিত্যক্ত ভবনে ঝুঁকি নিয়ে ক্লাস করতে হয়, কখনও বন্ধ রাখা হয়। প্রশাসনিক তথ্য বলছে, স্কুলকে ২০১৮-১৯ সালে ১৯ লক্ষ ৯০ হাজার ৭৮৫ টাকা টাকা দেওয়া হয়েছিল ভবন সংস্কারের জন্য। সেই টাকা খরচের হিসেব দেয়নি স্কুল। কিন্তু স্কুল বলছে, স্কুলের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা ঢোকেনি। বিষয়টি প্রধান শিক্ষক প্রশাসনের নজরে আনার পরেই নড়েচড়ে বসেছে সংশ্লিষ্ট দফতর। ওই টাকা কী ভাবে ও কোথায় খরচ হয়েছে, তা দেখার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। তদন্ত রিপোর্ট অনুযায়ী, ওই টাকা স্কুলে পৌঁছয়নি তা স্পষ্ট। ফলে জেলা স্কুল পরিদর্শকও (মাধ্যমিক) প্রশাসনের কাছে রিপোর্ট দেন যে, কোনও টাকা জেলা স্কুল পরিদর্শকের অফিস থেকে স্কুলকে দেওয়া হয়নি। তা হলে ওই বিপুল অঙ্কের টাকা গেল কোথায়? তা নিয়ে এখনও রহস্য।

## শব্দবাণ-৩৩৮

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | | ৩ | ■ | ■ |
| | ■ | | ■ | ৪ | | ■ |
| | ■ | ■ | ■ | | ■ | ■ |
| ৫ | | ৬ | ■ | ৭ | | ৮ |
| ■ | ■ | | ■ | ■ | ■ | |
| ■ | ৯ | | ■ | ১০ | ■ | |
| ■ | ■ | ১১ | | | | |

শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ১.সভাপতি, কোনো সমিতির প্রধানতম সভ্য ৪. শয্যা, বিছানা ৫. ইট ছুঁড়ে মারা ৭. দলিল ৯. আবৃত বা আচ্ছাদিত করা ১১. মেলা।

**সূত্র—উপর-নীচ:** ১. উজ্জ্বলতা, চকচকে ভাব ২. সূর্য,রবি ৩. খাঁদা ৬. ঘৃণাযোগ্য আচরণ ৮. করুণা ও মমতা ১০. আমি সে ও —।

## সমাধান: শব্দবাণ-৩৩৭

**পাশাপাশি:** ১. কুমতলব ৩. সতাই ৫. আদেশ ৭. জলদ ৮. টনক ১০. বারবটিয়া।

**উপর-নীচ:** ১. কুদেতা ২. লকআউট ৩. সহজ ৪. ইজেদদার ৬. শশক ৯. নদিয়া।

## জন্মদিন

## আজকের দিন




কেশুভাই প্যাটেল

*১৯২৮ বিশিষ্ট রাজনীতিবিদ কেশুভাই প্যাটেলের জন্মদিন।*
*১৯৪৫ বিশিষ্ট ব্যবসায়ী আজিম প্রেমজির জন্মদিন।*
*১৯৫০ বিশিষ্ট চিত্র পরিচালক গৌতম ঘোষের জন্মদিন।*

## আজ ২৪ জুলাই ● উত্তমকুমারের ৪৬ তম প্রয়াণ দিবস উপলক্ষে বিশেষ

# উত্তমকুমারকে নিয়ে প্রথম টিভি সিরিয়াল

**সিদ্ধার্থ সিংহ**



অনিরুদ্ধদা বললেন, কাল তোর কী কাজ আছে রে?

আমি বললাম, না না, তেমন কোনও কাজ নেই। কেন?

তিনি বললেন, তা হলে একটু দেবনারায়ণ গুপ্তের বাড়ি যাবি?

আমি বললাম, যাব। কথাটা বললাম ঠিকই, তবে তার পরেই ভাবতে লাগলাম, হঠাৎ দেবনারায়ণ গুপ্ত! সানন্দায় তখন যে সংখ্যার কাজ চলছিল, সেখানে 'পক্ষে-বিপক্ষে' বা 'বিতর্ক'তে যে বিষয় আগে থেকে ঠিক করে রাখা আছে, সেটার সঙ্গে তো দেবনারায়ণ গুপ্তের কোনও সম্পর্ক নেই। তবে কি শেষ মুহূর্তে বিষয় চেঞ্জ হল, নাকি উনি কোনও পুরস্কার-টুরস্কার পেলেন! 'বাবু-বিবি-সংবাদ' হবে! হতে পারে! কিন্তু ওটা তো শঙ্করদা দেখেন।

শঙ্করদা মানে শঙ্করলাল ভট্টাচার্য। তিনি তখন সানন্দা'য় কাজ করেন। আর অনিরুদ্ধ ধর একজন দক্ষ ইঞ্জিনিয়ার। দীর্ঘদিন একটি সরকারি সংস্থায় অত্যন্ত দক্ষতার সঙ্গে উচ্চপদে কাজ করেছেন। কিন্তু সিনেমার প্রতি আর সিনেমা সংক্রান্ত লেখালেখির প্রতি তাঁর এমন ঝোঁক যে, অত টাকা মাইনের নিশ্চিন্ত চাকরি ছেড়ে অনেক কম টাকায় তিনি আজকাল পত্রিকায় যোগ দিয়েছিলেন। তাঁর সঙ্গে তখন গলায় গলায় ভাব পুরুলিয়ার ছেলে সিদ্ধার্থ সরকারের। যিনি পরে ই টিভি-র পূর্বাঞ্চল শাখার সর্বময় কর্তা হন।

শুনেছি, আনন্দবাজার গোষ্ঠী, এখন অবশ্য 'গোষ্ঠী' বলা হয় না। বলা হয় 'সংস্থা', তারা 'সানন্দ' নামে একটি পত্রিকা বের করার পরিকল্পনা নেয়। সম্পাদক হিসেবে ভাবা হয় সন্তোষকুমার ঘোষের নাম। কিন্তু তাঁর প্রয়াণে সেই পত্রিকার পুরো খোলনলচেটাই পালটে যায়। এমনকী, নামটা পর্যন্ত। 'সানন্দ' থেকে হয়ে যায় 'সানন্দা'। এবং সেটি হয় শুধুমাত্র মেয়েদের কাগজ। সম্পাদক হন অপর্ণা সেন। তিনি আবার তাঁর পছন্দের কিছু লোককে সেই পত্রিকায় নিয়ে আসেন। সেই তালিকায় প্রথম নামটি ছিল আজকাল পত্রিকার রঞ্জন বন্দ্যোপাধ্যায়ের। সেই রঞ্জনদা আসার সময় সঙ্গে করে নিয়ে আসেন আরও দু'জনকে। তার একজন অনিরুদ্ধ ধর। আর অন্য জন সিদ্ধার্থ সরকার।

বলতে গেলে সে সময় অনিরুদ্ধদাই কাগজটা দেখভাল করতেন। আরও অনেকের সঙ্গে ছিলেন সুদেষ্ণা রায়ও। যিনি পরে সংবাদ প্রতিদিন-এ জয়েন করেন। পরে সেটাও ছেড়ে দিয়ে পুরোপুরি অভিনয় আর চলচ্চিত্র পরিচালনায় নেমে পড়েন।

যে দফতরে এতগুলো লোকের ছায়াছবি অন্তর্গত প্রাণ, যাঁদের বস অপর্ণা সেনের মতো স্বনামধন্য একজন চলচ্চিত্র অভিনেত্রী কাম সফল চিত্রপরিচালক, তাঁরা নিজেরা কোনও ছবি বানাবেন না, এমনটা কি হয়? হয় না। তাই তাঁরা ঠিক করলেন, দূরদর্শনের জন্য একটি সিরিয়াল বানাবেন। না, তখন দূরদর্শন ছাড়া আর অন্য কোনও চ্যানেল ছিল না। কিন্তু কী নিয়ে সিরিয়াল বানাবেন তাঁরা? কীসের ওপরে?

তখন উত্তমকুমার মারা গেছেন মাত্র কয়েক বছর। সেই শোক মিছিলে আমিও ছিলাম। প্রত্যেক বাড়ির ছাদে ছাদে লোক। শববাহী গাড়ির পিছনে জনস্রোতের শেষ যে কোথায়, কেউ জানে না। যত দূর চোখ যায়, শুধু মানুষ আর মানুষ। মনে আছে, মেট্রোরেলের কাজের জন্য তখন রাসবিহারী মোড়ে আট-দশ তলা বাড়ির সমান একটা লোহার স্ট্রাকচার দাঁড় করানো ছিল। যে কোনও সময় বিপদ ঘটতে পারে জেনেও তাতে উঠে পড়েছিল শ'য়ে শ'য়ে লোক। শুধুমাত্র উত্তমকুমারকে এক ঝলক দেখার জন্য। আনন্দবাজারের তৎকালীন চিফ-ফোটোগ্রাফার তারাপদ ব্যানার্জি সেই দৃশ্য ধরে রাখার জন্য যে ক'টা রিল খরচ করেছিলেন আমি জানি না। তবে হ্যাঁ, মোবাইলে কিন্তু কেউ একটাও ছবি তুলতে পারেননি। কারণ, তখনও বাজারে মোবাইলই আসেনি।

পর দিন শুনেছিলাম, মহানায়কের শেষ ছবি তোলার জন্য নাকি তারাপদদা শুধু ইলেকট্রিক চুল্লির ভিতরে ঢুকতে বাকি রেখেছিলেন। শোনা যায়, রবীন্দ্রনাথের পরে নাকি এত বড় শোকমিছিল উত্তমকুমারের দৌলতেই আবার চাক্ষুষ করল এই শহর।

তো, অনিরুদ্ধদা প্রথমে ঠিক করেছিলেন উত্তমকুমারকে নিয়ে তথ্যচিত্র বানাবেন। মোটামুটি আশ্বাস পাওয়া গিয়েছিল, সরকারি সাহায্য মিলবে। কিন্তু কিছু দিন পরে বোঝা গেল, ওটা শুধু আশ্বাসই। ফাঁকা আওয়াজ। আসলে কোনও সাহায্য পাওয়া যাবে না। অগত্যা সবাই যখন টাকার অভাবে হাত-পা গুটিয়ে নেওয়ার কথা ভাবছেন, ঠিক তখনই প্রযোজনা করতে এগিয়ে এলেন গায়ক ইন্দ্রনীল সেনের দাদা ইন্দ্রজিৎ সেন। ঠিক হল, তথ্যচিত্র নয়। তাঁরা সিরিয়াল বানাবেন। কিন্তু উত্তমকুমার তো বেঁচে নেই, কী ভাবে বানাবেন! ঠিক হল, যে যে তাঁর সঙ্গে কাজ করেছেন, সেই সব অভিনেতা-অভিনেত্রী, ক্যামেরাম্যান, লাইটম্যান, স্পটবয়, মেকাআপম্যান, ড্রেসার, আত্মীয়স্বজন, কাছের মানুষ থেকে দূরের মানুষ--- মোদ্দাকথা, তাঁর সঙ্গে যাঁর যাঁর ঘনিষ্ঠতা ছিল, তাঁদের সাক্ষাৎকার-ভিত্তিক ধারাবাহিক হবে এটি। মাঝে মাঝে ঢুকবে তাঁর অভিনীত নানান ছবির নির্বাচিত অংশ, স্থিরচিত্র, তাঁর ব্যবহৃত জিনিসপত্র, ঘরবাড়ি মায় সব কিছু।

এই সিরিয়ালেই প্রথম অভিনয় করতে আসেন অনিরুদ্ধ রায়চৌধুরী। পরে যিনি ছবি পরিচালনায় হাত দেন এবং 'অন্তহীন', 'অনুরণন'-এর মতো ছবি করে সবাইকে তাক লাগিয়ে দেন। ছিনিয়ে নেন দেশ-বিদেশের প্রচুর পুরস্কার। অভিনয় করেন নাটকের অশোক মুখোপাধ্যায়ও।

আমরা তখন সানন্দায় ফ্রিল্যান্স করি। আমি, শিবাশিস বন্দ্যোপাধ্যায়, যিনি পরে সানন্দার চিফ সাব-এডিটর হন এবং তারও পরে এইচ এম ভি-র জনসংযোগ আধিকারিক। কিছু দিন অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের ব্যবসায়িক সংস্থার দেখভাল করতেন। এই মুহূর্তে একটি জনপ্রিয় সিরিয়ালের উপদেষ্টা। ছিলেন মিকি। মানে বাল্মিকী। বাল্মিকী চট্টোপাধ্যায়। তিনি কিছুকাল আনন্দলোকের সিনিয়র সাব-এডিটর ছিলেন। বিয়ে করেছিলেন অভিনেত্রী মৌমিতাকে। ওঁর মেয়ে রিমঝিম তো এখন রীতিমতো নায়িকা। ছিলেন মণিশংকর দেবনাথ। যিনি পরে ই টিভি-তে জয়েন করেন। তারও পরে বাংলা স্টেটসম্যানে।

তখন পত্রিকা দফতরগুলো এ রকম কর্পোরেট হাউসের মতো ছিল না। ছিল একান্নবর্তী পরিবারের মতো। সিদ্ধার্থদার বিয়ে দেওয়ার জন্য সহকর্মীরাই উঠেপড়ে লেগেছিলেন। চাঁদা তুলে বিজ্ঞাপন দিয়েছিলেন খবরের কাগজে। অজস্র চিঠি এসেছিল। সুদেষ্ণাদি আমাকে বলেছিলেন, সিধু, তুই এই মেয়েগুলোকে দেখে, আগে পাঁচটা মেয়ে পছন্দ কর। তার পরে আমরা সেই পাঁচটা মেয়েকে দেখে একটা পাত্রী ঠিক করব।

আমি সল্টলেকের করুণাময়ীতে প্রথম যে পাত্রীটিকে দেখতে গিয়েছিলাম, তাঁর বাড়ি থেকে আমাকে প্রচুর খাইয়েছিল। প্রসঙ্গত বলে রাখি, আমি এমনিতেই ভীষণ খেতে ভালবাসি। আর তখন খেতেও পারতাম।

সানন্দা থেকে পর পর কয়েক বছর বনভোজন হয়েছিল। পুরো ব্যবস্থাটাই করতেন রিনাদি, মানে অপর্ণা সেন। একবার ফিরে আসার সময় দেখি, দু'হাঁড়ি দই আর ষাট-সত্তর পিস ভাজা মাছ বেচে গেছে। সেটা একটা বড় পলিপ্যাকে ভরছি দেখে অনিরুদ্ধদা বললেন, ওগুলো কি নিয়ে যাবি নাকি? ধ্যাত, খেয়ে নে, খেয়ে নে।

ও দিকে বাস ছাড়ার সময় হয়ে গেছে। ঘন ঘন হর্ন দিচ্ছে। সবাই সবাইকে বাসে ওঠার জন্য ডাকাডাকি করছে। কিন্তু কেউই উঠছে না। সবাই এ দিকে ও দিকে জটলা পাকিয়ে গল্পে মশগুল। আমি সঙ্গে সঙ্গে মাছগুলোকে চটকে, তার কাঁটাগুলো ফেলে দিয়ে তার মধ্যে দইয়ের হাঁড়ি দুটো উপুড় করে ঢেলে, ঝপাঝপ করে মেখে ঝটপট খেয়ে নিয়েছিলাম। কোথাও কোনও প্রেস কনফারেন্স থাকলে ওঁরা বলতেন, সিধু, তুই তো খেতে ভালবাসিস, তুই যা।

তা, সিদ্ধার্থদার পাত্রী দেখতে গিয়ে সল্টলেকের ওই বাড়ি থেকে এমন খাইয়েছিল যে, ফিরে এসে সুদেষ্ণাদি-অনিরুদ্ধদাদের বলেছিলাম, পাঁচটা নয়, একটাই দেখেছি। এবং এর সঙ্গেই সিদ্ধার্থদার বিয়ে দেওয়া উচিত। হয়তো ভেবেছিলাম, সিদ্ধার্থদার ওখানে বিয়ে হলে মাঝে মাঝেই যাওয়া যাবে এবং এ রকমই খাবার-দাবার পাওয়া যাবে। তা যাই হোক, সুদেষ্ণাদি-অনিরুদ্ধদা এবং ডিপার্টমেন্টের আরও কয়েক জন গিয়ে পাত্রীকে দেখে এলেন। তাঁদেরও পছন্দ হল এবং তড়িঘড়ি করে বিয়েও হয়ে গেল।

ঠিক সে সময়ই একদিন অনিরুদ্ধদা আমাকে দেবনারায়ণ গুপ্তের বাড়ি যাওয়ার কথা বলাতে আমার মনে হয়েছিল, নিশ্চয়ই সানন্দার কোনও লেখার ব্যাপারে তাঁর বাড়ি যেতে হবে। তাই জিজ্ঞেস করেছিলাম, বড় ইন্টারভিউ নাকি?

অনিরুদ্ধদা বললেন, না রে, উত্তমকুমারকে নিয়ে যে ধারাবাহিকটা করছি, তাতে তো দেবনারায়ণ গুপ্তের একটা দৃশ্য আছে, আমরা পরশু শট নিতে চাই। উনি সে দিন সময় দিতে পারবেন কি না, আর দিলে মোটামুটি কী বলবেন, তার একটু জিস্ট নিয়ে আয়।

তখনই শুনেছিলাম, স্টার থিয়েটারে দেবনারায়ণবাবুর সঙ্গে উত্তমকুমারের নাটক করার কথা। দেবনারায়ণবাবু স্টার থিয়েটারের সিঁড়িতে বসে বলেছিলেন, উত্তমকুমারের সঙ্গে তাঁর সম্পর্কের কথা। তাঁর সঙ্গে অভিনয়ের অভিজ্ঞতার কথা। প্রতিটি জায়গা দেখিয়ে দেখিয়ে স্মৃতিচারণ করেছিলেন, এখানে দাঁড়িয়ে দাঁড়িয়ে আমরা চা খেতাম। এখানে বসে আড্ডা মারতাম। একদিন ও আমাকে এই বলেছিল, তাকে সেই বলেছিল। কত কথা! ক্যামেরা অন করা ছিল। প্রতিটি শট নেওয়া হচ্ছিল। না, পুড়ে যাওয়ার পরে নয়। ভেঙে নতুন করে তৈরি হওয়া এই স্টার থিয়েটারে নয়। পুরনো স্টার থিয়েটারে।

এই ফাঁকে একটা ছোট্ট ঘটনা বলি। তখন এত কিছু ভেবেচিন্তে করা হতো না। সাক্ষাৎকারের শ্যুটিং চলাকালীন সিদ্ধার্থদা বললেন, কয়েকটা স্টিল ছবি তুলে রাখতে পারলে ভাল হতো। সঙ্গে সঙ্গে অনিরুদ্ধদা বললেন, সিধু, একটা কাজ কর তো... এই স্টার থিয়েটারের পাশের গলি দিয়ে ঢুকে দেখবি সামনেই ডান হাতে সাদা রঙের একটা বাড়ি। তার দোতলায় সোজা উঠে যাবি। গিয়ে দেখ তো অরুণ আছে কি না... থাকলে ক্যামেরা নিয়ে এক্ষুনি আসতে বল।

অরুণ মানে অরুণ চট্টোপাধ্যায়। এক সময় সর্বাধিক বিক্রিত সাপ্তাহিক 'পরিবর্তন'-এ কাজ করতেন। দারুণ ছবি আঁকতেন। পরে এই উত্তমকুমার ধারাবাহিকের ছবি তোলার সূত্র ধরেই সানন্দা দফতরে যাতায়াত এবং ঘনিষ্ঠতা। ফলে, এই বুড়ো বয়সেও তাঁর চাকরি হয় সানন্দায়। সেই গল্প অবশ্য আলাদা। তো, তিনি এসে ছবি তোলা শুরু করলেন এবং সে দিনই ঠিক হয়ে গেল, এ বার থেকে তিনিই এই ধারাবাহিকের স্টিলছবি তুলবেন।

এ ভাবেই সাক্ষাৎকার নেওয়া হয়েছিল ভারতী দেবীর। তিনি তখন চলৎশক্তিহীন। তাঁর ঘরের খাটে বসেই তিনি বলেছিলেন অনেক কথা। এখনও মনে আছে গেঁথে আছে ক'টি শব্দ--- 'ওই নাটকে উত্তম আমার ছেলে হয়েছিল। নাটকে মা ডেকেছিল দেখে সারাটা জীবনই ও আমাকে মা ছাড়া আর অন্য কিছু ডাকেনি। মায়ের মতোই ভক্তি করত। শ্রদ্ধা করত।'

আমাদের ওই ধারাবাহিকের স্ক্রিপ্ট লিখছেন মূলত অনিরুদ্ধদা, সিদ্ধার্থদা আর কিছুটা শিবাশিস। আর স্ক্রিপ্ট লেখার নানা মালমশলা, মানে তথ্য জোগাড় করে আনতাম আমি, বেহালা চৌরাস্তার অরুণ গাঙ্গুলি এবং আরও কয়েক জন। শিবাশিসের একটা পকেট টেপ রেকর্ডার ছিল। সেটা নিয়ে একবার গেলাম সুমিত্রা চট্টোপাধ্যায়ের বাড়ি। তিনি তখন খুবই অসুস্থ। তাতেও তিনি যা বলেছিলেন, সেটা মনে পড়লে এখনও গায়ে কাঁটা দেয়। যখন উত্তমকুমারের হার্ট অ্যাটাক হয়, তখন তিনি সেখানে উপস্থিত ছিলেন। পুরো ঘটনার একমাত্র প্রত্যক্ষদর্শী তিনি। কার কোন কথার জোরে হঠাৎ করেই এমন বিপর্যয় ঘটেছিল, তিনি তা অকপটে বলেছিলেন। বলেছিলেন, উত্তমকুমার মরেননি। তাঁকে মারা হয়েছে। বলতে বলতে কান্নায় ভেঙে পড়েছিলেন। আমার কোলে মাথা রেখে ফুঁপিয়ে ফুঁপিয়ে কেঁদেছিলেন। সেই কথাবার্তা বহু দিন পর্যন্ত টেপ-বন্দি ছিল। বহু লোককে আমি সেটা শুনিয়েও ছিলাম। যাঁরা শুনেছিলেন, প্রত্যেকেই চমকে উঠেছিলেন। কারণ, তিনি সেই মহিলা অভিনেত্রীর নামটাও নির্দ্বিধায় বলেছিলেন।

উত্তমকুমারকে নিয়ে ওই ধারাবাহিকটি বানাতে গিয়ে কত লোকের সঙ্গে যে আমরা মিট করেছিলাম! তখন সানন্দায় কাজ করতেন নিবেদিতা দে। থাকতেন উত্তমকুমারের বাড়ির খুব কাছেই। ওই বাড়ির সঙ্গে ওদের বেশ যাতায়াত ছিল। ও-ই আমাদের নিয়ে গেল উত্তমকুমারের ভবানীপুরের বাড়িতে। ঢুকতেই দেখি, বাড়ির সামনে শ্বেত পাথরের উপরে লেখা — সুহৃদ সংঘ। উত্তমকুমারকে নিয়ে কাজ করতে গিয়ে আগেই জেনেছিলাম, তাঁদের পারিবারিক নাট্যদলের কথা। সেই নাটকের দলের নাম ছিল সুহৃদ সংঘ। এত দিন বাদেও যে সেটা থাকবে, ভাবতে পারিনি। উত্তম-পুত্র গৌতম আমাদের উপরে নিয়ে গেলেন। ঘরের ভিতরে সিলিং থেকে ঝুলছিল দোলনা। সোফা-টোফা ছেড়ে আমি আর অনিরুদ্ধদা সেখানে গিয়ে বসলাম। কথা হচ্ছিল। গৌতম বলছিলেন, বাবার কাছে আমার কখনও কিছু বায়না করতে হয়নি। যেটা চাইব বলে ভাবতাম, তার আগেই বাবা সেটা নিয়ে আসতেন।

হঠাৎ কথায় কথায় অনিরুদ্ধদা জিজ্ঞেস করলেন, আপনার গাড়িটার অবস্থা ও রকম ভগ্নদশা কেন?

কথাটা শুনে এক মিনিট থমকে গেলেন গৌতম। তার পরে থেমে থেমে বললেন, সম্পত্তি নিয়ে এখনও মামলা চলছে। নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কিচ্ছু করতে পারব না। না হলে নতুন একটা গাড়ি কিনতে কী আর এমন লাগে! কথাটা উনি বলছিলেন ঠিকই, কিন্তু তাঁর চোখমুখ দেখে আমার মনে হচ্ছিল, তিনি বিব্রত। কোথায় যেন একটা খোঁচা লেগেছে।

এর ক'দিন পরে, ও বাড়িতে বসেই তরুণকুমারের একটা কথা শুনে আমি চমকে উঠেছিলাম। চল্লিশ পয়সা থেকে এক লাফে দশ পয়সা বেড়ে, বাস ভাড়ার প্রথম ধাপ পঞ্চাশ পয়সা হওয়ায়, যখন আমি ভাবছিলাম, এ বার পয়সাকড়ি জমিয়ে একটা পুরনো সাইকেল কিনতে হবে, না হলে আর পারা যাবে না, তখন কোলের উপরে লোমওয়ালা সাদা ফুটফুটে একটা ছোট্ট কুকুরছানাকে আদর করতে করতে তিনি কিনা বললেন, একটা মানুষের বেঁচে থাকতে গেলে এটুকু লাগেই। একটা গাড়ি আর অন্তত দুটো অ্যালসেশিয়ান পোষার মতো আর্থিক সঙ্গতি।

তাঁর কথা শুনে আমার মনে হয়েছিল, তিনি মহানায়কের ভাই হতে পারেন, বড় অভিনেতাও হতে পারেন, কিন্তু এই পৃথিবী সম্পর্কে তাঁর কোনও ধারণাই নেই।

ওই সিরিয়ালের কাজ করতে গিয়ে এ রকম বহু লোকের বহু কথা আমি শুনেছি, যা এত দিন পরেও আমার মনে গেঁথে আছে। কে নেই সেই তালিকায়? সরযূবালা দেবী, ছায়া দেবী, অনুপ কুমার, শুভেন্দু চট্টোপাধ্যায়, অগ্রদূত থেকে শুরু করে সাবিত্রী চট্টোপাধ্যায়, সৌমিত্র চট্টোপাধ্যায়, মৃণাল সেন। আরও কত জনের সঙ্গে যে কথা বলেছিলাম, এখন আর মনে নেই।

সে যাই হোক, প্রত্যেক দিন শ্যুটিং শেষ হলেই আমরা চলে যেতাম ৭৬ নম্বর রফি কিদওয়াই রোডের চিত্রবাণীতে। সেখান এডিটিং হতো। খাওয়া-দাওয়া হতো। এখানে একটা কথা বলে রাখি, আমি আর শিবাশিস ছাড়া এটা কেউ জানে না। অনিরুদ্ধদা একদিন আমাদের বললেন, যাকেই খাওয়া-দাওয়ার দায়িত্ব দেওয়া হোক না কেন, তিনি তো তার থেকে দু'-চার পয়সা লাভ রাখবেনই। ফালতু ফালতু অন্য লোককে পয়সা দিতে যাব কেন? তোরা কেউ দায়িত্ব নে। যা হবে, তোদের হবে। আমি বললাম, ঠিক আছে, আমি আনব। কিন্তু শুধু আনলেই তো হবে না। বিলও বানাতে হবে। তখন পাড়ায় পাড়ায় এ রকম ডিটিপি সেন্টার ছিল না। তখনও লেটার প্রেসের যুগ। ছাপিয়ে ফেললাম কয়েক পাতার একটা বিল বই। নাম দিয়েছিলাম, তখন যার সঙ্গে প্রেম করতাম, তার নামে — ভারতী ক্যাটারার।

অনিরুদ্ধদা বললেন, শোন, আমাদের বাজেট কিন্তু খুব কম। তিরিশ-পঁয়তিরিশ টাকার মধ্যে প্লেট করবি। আমি আর শিবাশিস খোঁজখবর নেওয়া শুরু করলাম, কোথায় কত কম দামে বিরিয়ানি পাওয়া যায়। যেখানেই যাই, দেখি তিরিশ-বত্রিশ-পঁয়তিরিশের নীচে কোথাও কিছু নেই। তা হলে আর আমাদের থাকবে কী? বিল ছাপার খরচই তো উঠবে না! তখন আমাদের মাথায় একটা বুদ্ধি এল। ঠিক করলাম, চিকেন বা মটন নয়, আমরা বিফ-বিরিয়ানি দেব। মানে গরুর মাংসের বিরিয়ানি।

একটা মুসলিম দোকান ফিট করলাম। কুড়ি টাকা প্লেট। বেশি নিলে আঠেরো টাকা করে দেবে। অথচ দোকানের নাম — তাজ হোটেল। তখন আলিপুর চিড়িয়াখানার উলটো দিকে সদ্য সদ্য তাজ বেঙ্গল হয়েছে। কেউ কেউ ওই নামের সঙ্গে এই নামটি গুলিয়ে ফেলতেই পারেন। কেউ জিজ্ঞেস করলে আমরা অনায়াসেই বলতে পারি, তাজ থেকে এনেছি। কেউ তো আর সার্ভে করতে যাবে না — তাজ বেঙ্গল, না তাজ হোটেল!

ফলে, আমরা সঙ্গে সঙ্গে রাজি হয়ে গেলাম। এবং অবাক কাণ্ড, কেউ তো কিছু বুঝতেই পারল না, উপরন্ত সবাই চেটেপুটে খেতে লাগল। বলল, বিরিয়ানিটা দারুণ তো! কোথা থেকে এনেছিস? পারলে, কালকেও এখান থেকেই আনিস। তাই শুধু তার পর দিনই নয়, তার পরে যত দিন কাজ হয়েছিল, আমরা ওই বিরিয়ানিই সাপ্লাই করেছিলাম।

আমাদের এই কাজে সব রকম সহযোগিতার জন্য যেমন হাত বাড়িয়ে দিয়েছিলেন মিঠুন চক্রবর্তী থেকে উত্তমপ্রেমী অত্যন্ত সাধারণ মানুষজন। বাড়ির একটা বড় অংশ শ্যুটিং জোন হিসেবে ফিতে দিয়ে ঘিরে রাখার জন্য, সদ্য বিয়ে করা বউকে পর্যন্ত বাপের বাড়ি পাঠিয়ে দিয়েছিলেন সিদ্ধার্থদা। বউ-ছেলেমেয়ে-বাড়ি ছেড়ে অনিরুদ্ধদা থাকতে শুরু করেছিলেন আমাদের সঙ্গে।

সকাল হলেই আমি সবার জন্য গরম জল বসিয়ে দিতাম স্নানের জন্য। তার ক'দিন আগেই সানন্দার কভার স্টোরি 'রান্নার পঞ্চাশটি টিপস' লিখে সাড়া ফেলে দিয়েছিলেন দেখে রান্নার ভার পড়েছিল শিবাশিসের উপরে। ও প্রায়ই আলু আর ডিমের একটা ঝোল করত। সেদ্ধ ডিমের খোসা ছাড়াতাম আমি।

একদিন শিবাশিস বলল, তোকে আর ডিম ছাড়াতে হবে না, যা। আমি ছাড়িয়ে নেব। তখনই জানলাম, ডিম ছাড়াতে ছাড়াতে খোসার সঙ্গে উঠে আসা ডিমের চাকলা খেতে খেতে আমি নাকি মাঝে মাঝে গোটা ডিমও মুখে পুরে নিই। রোজই একটা-দুটো করে কম পড়ে। গত কাল নাকি পুরো চার-চারটে ডিম কম পড়েছিল।

শুধু এই ধারাবাহিকটা তৈরি করার জন্য আমরা প্রায় প্রত্যেকেই অনেক কিছু জলাঞ্জলি দিয়েছিলাম। বহু লোক বহু ভাবে বিনা স্বার্থে আমাদের পাশে এসে দাঁড়িয়েছিলেন। তেমনই আবার বিরোধিতাও করেছিলেন কেউ কেউ। অনেকেই প্রশ্ন তুলেছিলেন, লাভের টাকাটা কে নেবে?

লাভ! আমরা তো সে কথা একবারও ভাবেনি। আমরা তো কাজের আনন্দে কাজ করছি। সানন্দায় লিখে দুটো পয়সা পাই। এই কাজ করতে গিয়ে সেটাও বন্ধ। এ কথা অনিরুদ্ধদাকে বলতেই তিনি বললেন, একটা কাজ কর, তোরা গল্প লেখ। গল্প লেখার জন্য তো তোদের কোথাও যেতে হবে না। কারও ইন্টারভিউও নিতে হবে না। ঘরে বসে লিখবি। সিধু, তুই বাড়ি ফিরে আজ রাতেই একটা গল্প লিখে ফেল। কাল সকালে অফিসে দিয়ে দে। কম্পোজে পাঠিয়ে দেব। তা হলে এই সংখ্যাতেই ওটা ধরানো যাবে।

আমি তো অবাক। লিখি কবিতা। গল্প লিখতে হবে! ঠিক আছে, তা-ই লিখব। লিখেও ফেললাম। ছাপা হয়ে গেল সানন্দায়। তার পরেই যত ঝামেলা। যে দিন পত্রিকাটি বেরোল, সে দিন বিকেল থেকেই কাগজ উধাও। কোনও স্টলে আর সানন্দা পাওয়া যাচ্ছে না। পর দিন আমাদের এলাকার এক প্রভাবশালী রাজনৈতিক নেতা তাঁর লোকজন নিয়ে এসে আমাদের বাড়িতে চড়াও হলেন। আমাকে মারধোর করলেন। আমি নাকি তাঁকে নিয়ে গল্প লিখেছি। গল্পের যে চরিত্রটি দলবল নিয়ে মধ্যরাত অবধি রেশন দোকানের ভিতরে ঢুকে, শাটার নামিয়ে মদ্যপান করেন, নীল ছবি দেখেন, সেটা নাকি আসলে তিনিই। যে নেতার মদতে বিভিন্ন এলাকার উঠতি ছেলেপুলেরা পাড়ার মুখে জটলা পাকিয়ে আড্ডা মারতে মারতে মেয়েদের উত্যক্ত করে, সেই নেতা নাকি আসলে তিনিই। যে নেতার চেলাচামুণ্ডাদের নাজরানা না দিয়ে বাড়িতে একটা ইটও কেউ গাঁথতে পারে না, সেই নেতা নাকি আসলে তিনিই। আমি নাকি তাঁর পিছনে স্পাইগিরি করে এই গল্প লিখেছি!

যতই বলি, আমি আপনার সম্পর্কে কিচ্ছু জানি না। যদি আপনার সঙ্গে এই গল্পের কোথাও কোনও মিল হয়ে থাকে, সেটা সম্পূর্ণ কাকতালীয়। আমার কোনও দোষ নেই। আমাকে ছেড়ে দিন। কিন্তু কে শোনে কার কথা! চড়চাপড়, ঘুসি, লাথি, চুলের মুঠি ধরে টানা, সিগারেটের ছ্যাঁকা — সবই চলতে লাগল। টানতে টানতে নিয়ে গেল উলটো ফুটপাথের একটি নির্মীয়মান বাড়িতে।

ওরা যখন নেশায় মশগুল, আমি তখন ওদের চোখকে ফাঁকি দিয়ে তিন তলা থেকে কোনও রকমে পাইপ বেয়ে নেমে এলাম নীচে। সামনের একটি বুথে ঢুকে প্রথমেই ফোন করলাম সুদেষ্ণাদিকে। তিনি বললেন, লোকাল থানায় একটা ডায়েরি করে অফিসে চলে আয়।

পর দিন সকালে আনন্দবাজার পত্রিকার প্রথম পাতায় বড় বড় করে ছাপা হল সেই খবর — 'লেখক প্রহৃত, কংগ্রেস কাউন্সিলর ধৃত'। দ্য টেলিগ্রাফ পত্রিকায় ছ'কলাম জুড়ে পুরো ঘটনার বিবরণ। সক্কালবেলায় স্থানীয় আর এক নেতার সঙ্গে আমার বাড়ি এসে হাজির মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বললেন, একদম ভয় পাবে না। তুমি আমার ছোট ভাইয়ের মতো। দরকার হলে, আমার লোকজন তোমার বাড়ি পাহারা দেবে। দেখি, তোমার গায়ে কে হাত দেয়।

এর কয়েক দিন পরেই ছিল রাখী পূর্ণিমা। তিনি আমাকে রাখী পরিয়ে গেলেন। পরে আরও কয়েকটি গল্পের সঙ্গে সেই গল্প দীপ প্রকাশন থেকে বই আকারে বেরোয়। বইটির নাম দিই ওই গল্পটির নামেই — 'বাঁ হাতের বুড়ো আঙুল'। সেই গল্পের নাট্যরূপ দিয়ে একটি নাট্যদল মঞ্চস্থও করতে থাকে বিভিন্ন মঞ্চে।

খাচ্ছিল তাঁতি তাঁত বুনে, কাল হল তার এঁড়ে বাছুর কিনে। আমার অবস্থাও তাই। লিখছিলাম দু'-একটা ফিচার। মাঝে-মধ্যে কবিতা। গল্প লিখতে গিয়ে এ কী ঝঞ্ঝাট! আমার বিরুদ্ধে মানহানির মামলা রুজু হল পাঁচ কোটি টাকার। আমার সঙ্গে সঙ্গে এক কোটি করে মামলা হল বিভাগীয় প্রধান সুদেষ্ণা রায়, মুদ্রক এবং প্রকাশক বিজিৎকুমার বসু, সম্পাদক অপর্ণা সেন আর ওই পত্রিকার সর্বময় কর্তা অরূপ সরকারের নামে। প্রসঙ্গত জানাই, সেই মামলায় অবশ্য আমাকে এক পয়সাও খরচা করতে হয়নি। পুরো মামলাই লড়েছিল আনন্দবাজার কর্তৃপক্ষ।

যদি এই সিরিয়ালে কাজ করতে না আসতাম, তা হলে তো আর গল্প লিখতে হতো না। কোনও ঝামেলাতেও জড়াতে হতো না। আমাদের লসের পর লস হচ্ছে, আর তিনি বলছেন কিনা লাভের টাকাটা কে নেবে!

এই সময় নানা কারণে দূরদর্শনের লাল ফিতের গেরোয় বাঁধা পড়ে গেল আমাদের কাজ। বড়রা সবাই ছুটে গেলেন। দূরদর্শনের লোকজনদের অনেক বোঝানো হল। কিন্তু তাঁরা অনড়। একে ধরা হল, তাকে ধরা হল। কিন্তু কোনও লাভ হল না। বহু টালবাহানার পরে মাঝপথে বন্ধ করে দিতে হল উত্তমকুমারকে নিয়ে তথ্যবহুল কোনও কিছু তৈরি করার প্রথম সাধু উদ্যোগ। মাঠে মারা গেল আমাদের সমস্ত শ্রম, সমস্ত স্বপ্ন।

তার পর আর উত্তমকুমার নয়, ইউ জি সি-র গ্র্যান্ট পেয়ে আমরা তৈরি করলাম কলকাতার মেট্রোরেল নিয়ে প্রথম তথ্যচিত্র — মেট্রোরেল। কিন্তু অতটা কাজ হয়ে যাওয়ার পরেও শেষ পর্যন্ত উত্তমকুমারকে নিয়ে ওই ধারাবাহিকটি শেষ করতে না পারার শোক আমাদের, অন্তত আমাকে এখনও কুরে কুরে খায়। জানি না, রিল-বন্দি করা সেই দুর্লভ ঐতিহাসিক মুহূর্তগুলোর ক্যাসেট কার কাছে আছে! আদৌ আছে কী!

# খোট্টাডিহি খনির সিএইচপিতে বিদ্যুৎ কেন্দ্রের ছাই মেশানো হচ্ছে কয়লায়!

## এক্স হ্যান্ডেলে সরব বিজেপি নেতা

**নিজস্ব প্রতিবেদন, পাণ্ডবেশ্বর:** ইসিএলের পাণ্ডবেশ্বর এলাকার খোট্টাডিহি কয়লা খনিতে কয়লার সঙ্গে বিদ্যুৎ কেন্দ্রের ছাই মেশানোর অভিযোগ উঠেছে খনি কর্তৃপক্ষের বিরুদ্ধে। পাণ্ডবেশ্বরের প্রাক্তন বিধায়ক তথা বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারি সোশ্যাল মিডিয়ায় একটি ছবি পোস্ট করে বলেছেন, 'খোট্টাডিহি কয়লা খনিতে কয়লার সঙ্গে ধুলো মেশানো হচ্ছে, এতে দুর্নীতির গন্ধ পাচ্ছি।' বিদ্যুৎ কেন্দ্রের ধুলো (ছাই) কয়লার সঙ্গে মেশানোর বিষয়টি প্রকাশ্যে আসতেই অস্বস্তিতে পড়েছে খনি কর্তৃপক্ষ। অভিযোগ উঠেছে, ইসিএলের কিছু কর্মকর্তা পদোন্নতি পেতে এই সব করছেন। কর্মকর্তারা ব্যক্তিগত স্বার্থে এই সব করছেন। ছাই ফেলার ভাইরাল ছবির জন্য তাঁরা কোম্পানির বদনাম করার চেষ্টা করছে। সূত্র মারফত জানা গিয়েছে, কিছুদিন ধরে খোট্টাডিহি ওসিপির পরিত্যক্ত



খনিগুলিতে বিদ্যুৎ কেন্দ্র থেকে একই ছাই ভরাট করা হচ্ছে। অভিযোগ রয়েছে, ওই একই ছাই সিএইচপিতে আনা হচ্ছে এবং কয়লার সঙ্গে মেশানো হচ্ছে। খনির ভালো গুণমানের কয়লায় মিশছে 'ভেজাল'। ভেজালের বিষয়ে পাণ্ডবেশ্বর এরিয়ার জেনারেল ম্যানেজার অমিতাভ ভট্টাচার্য বিষয়টি এড়িয়ে গিয়ে বলেন, তিনি বিষয়টি সম্পর্কে অবগত নন। এই প্রসঙ্গে বিজেপির পাণ্ডবেশ্বর মণ্ডল ২-এর সভাপতি বেণুধর মণ্ডল বলেন, 'রানিগঞ্জ কয়লাঞ্চলে উৎপাদিত কয়লার মান তুলনাহীন। অন্যান্য কয়লা অঞ্চলের তুলনায় এখানে কয়লার চাহিদা অনেক বেশি, কিন্তু কিছু কর্মকর্তা তাদের ব্যক্তিগত স্বার্থ পূরণের জন্য কয়লার মান নিয়ে খেলছেন। পাণ্ডবেশ্বরের খোট্টাডিহি খোলামুখ খনির সিএইচপিতে, বিদ্যুৎ কেন্দ্রের ধুলো কয়লার সঙ্গে মেশাতে দেখা গেছে। আসলে, ইসিএলের সদর দপ্তর প্রতিটি এলাকা এবং কোলিয়ারিরি জন্য বার্ষিক কয়লা উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। শ্রমিকরা বার্ষিক উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কঠোর পরিশ্রম করেন, কিন্তু কিছু কর্মকর্তা পদোন্নতি পেতে ভেজাল দেওয়া থেকে বিরত থাকেন না। খোট্টাডিহি কোলিয়ারি সিএইচপির ঘটনা এর প্রত্যক্ষ উদাহরণ। খনির কিছু লোকের পদোন্নতি পেতে ভেজালের জন্য কয়লা শিল্প ধ্বংস হতে দেওয়া হবে না।' তিনি অভিযোগ করেন, গত মাসের ১১ থেকে ১৩ জুন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোট্টাডিহি কোলিয়ারি সিএইচপি-র সিসিটিভি ফুটেজ পরীক্ষা করার দাবি জানাবেন। কারণ, ওই তিন দিনে ধুলো এনে কয়লা মেশানো হয়েছিল। বিজেপি এই বিষয়ে চুপ করে বসে থাকবে না। তিনি এই বিষয়ে কয়লামন্ত্রী এবং ইসিএল সিএমডি-কে চিঠি লিখবেন এবং ব্যবস্থা নেওয়ার দাবি জানাবেন বলেও জানান। ইসিএল ব্যবস্থাপনার উচিত বিষয়টি তদন্ত করে পদক্ষেপ নেওয়া, অন্যথায় বিজেপি তীব্র আন্দোলন শুরু করবে।

# তৃণমূল অঞ্চল প্রধানের অশ্লীল স্লোগানের ভিডিও ভাইরাল, শোরগোল আরামবাগে

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** শহিদ দিবসে কলকাতার ধর্মতলায় যোগ দিতে যাওয়ার সময় তৃণমূল পঞ্চায়েত প্রধানের স্লোগান ঘিরে বিতর্ক। তৃণমূল দলের প্রধান হয়েও তৃণমূলের বিরুদ্ধে অশ্লীল ভাষায় স্লোগান দেওয়ার অভিযোগ উঠল আরামবাগের হরিণখোলা এক নম্বর অঞ্চলের প্রধান পার্থ হাজারির বিরুদ্ধে। ভিডিও ভাইরাল হতেই শোরগোল রাজনৈতিক মহলে। ভাইরাল ভিডিওতে দেখা যাচ্ছে, হরিণখোলা এক নম্বর অঞ্চলের প্রধান পার্থ হাজারি তৃণমূল কর্মী সমর্থকদের নিয়ে হাওড়া ব্রিজে মিছিল করে যাচ্ছেন। স্লোগানে তিনি 'ছেলে' তুলে অশ্লীল শব্দ প্রয়োগ করছেন। আর কর্মী সমর্থকরা সেটা সমর্থন করে বলছেন, 'তৃণমূল তৃণমূল তৃণমূল।' বার বার তৃণমূল প্রধান অশ্লীল ভাষায় স্লোগান দিচ্ছেন আর তৃণমূল কর্মীরা উল্লাসের সঙ্গে 'তৃণমূল' বলে চলেছেন। প্রশ্ন উঠছে, একজন তৃণমূলের প্রধান হয়ে কিভাবে নিজের দল তৃণমূলকে অশ্লীল ভাষায় স্লোগান দেন? বাকি তৃণমূল কর্মীরা শুনেও কেন চুপ ছিলেন? আসলে, তৃণমূল পঞ্চায়েত প্রধান পার্থ হাজারির এমনই প্রভাব রয়েছে, যে তাঁর ওপর কথা বলার কেউ নেই। দাপুটে তৃণমূল নেতা পার্থ, বর্তমানে প্রধানের চেয়ারে থাকায়, এলাকার সাধারণ মানুষ থেকে শুরু করে তৃণমূল কর্মী, সমর্থকেরা সকলেই ভীত সন্ত্রস্ত বলে অভিযোগ। যদিও এই বিষয়ে ওই অঞ্চল প্রধান পার্থ হাজারির সঙ্গে যোগাযোগ করা হলে তিনি তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ উড়িয়ে দেন। তিনি বলেন, 'আমার নামে কেউ নোংরা কথা বললে, কেউ আন্দিত হবে তাই এই সব বলছে। ওই স্লোগান দেওয়ার সময় আমার ক্যামেরাতেও ভিডিও করা আছে। সেটাও তো দেখা উচিত। আসলে কুৎসা ছড়ানোর জন্যই এই সব করা হচ্ছে।' পাশাপাশি এই নিয়ে আরামবাগ তৃণমূল ব্লক সভাপতি শম্ভুনাথ বেরা 'মিটিংয়ে ব্যস্ত আছি' বলে বিষয়টি এড়িয়ে যান। অপরদিকে, পুরশুড়ার বিজেপি বিধায়ক বিমান ঘোষ বলেন, 'এটা তৃণমূলের কালচার। তৃণমূলের অঞ্চল প্রধান থেকে মন্ত্রীরা অশ্লীল ভাষায় কথা বলতে অভ্যস্ত। মুখ্যমন্ত্রী আবার ভাষা সন্ত্রাসের কথা বলছেন। তার দলের একজন প্রধান নিজের দলকেই বাপ, মা তুলে গালাগালি করছেন। এদের পদত্যাগ করা উচিত।' সবমিলিয়ে তৃণমূল প্রধানের অশ্লীল স্লোগানের ঘটনায় নিন্দার ঝড় জেলা জুড়ে।

# দুর্গাপুর ফরিদপুর ব্লকের গোগলা অঞ্চলে ফের বিজেপিতে ভাঙন

**নিজস্ব প্রতিবেদন, লাউদোহা:** পশ্চিম বর্ধমান জেলার দুর্গাপুর ফরিদপুর ব্লকের গোগলা অঞ্চলে ফের বিজেপিতে ভাঙন। কয়েকদিন আগে দুর্গাপুরে প্রধানমন্ত্রীর জনসভার পরেই গোগলা অঞ্চলে দেখা গিয়েছিল বিজেপিতে ভাঙন। আবারও সেই চিত্র দেখা গেল একুশে জুলাই ধর্মতলা যাওয়ার পর।

মঙ্গলবার রাতে ৮টা নাগাদ দুর্গাপুর ফরিদপুর ব্লকের গোগলা অঞ্চলের মাধাইপুর তৃণমূলের দলীয় কার্যলয়ে ২০২১-এর ভোটে ১৪৩ ও ১৪৪ নম্বর বুথের বিজেপির যুব মোর্চার আইটি সেলের দায়িত্বে থাকা কৌশিক চট্টোপাধ্যায় ও তাঁর সঙ্গে নতুন ডাঙা গ্রামের বিজেপির শক্তি প্রমুখ-সহ বনগ্রাম, গোগলা, রসিক ডাঙা এলাকার প্রায় ২০টি পরিবার যারা বিগত পঞ্চায়েত ভোটে বিজেপির হয়ে কাজ করেছিল,



এরকম প্রায় ১০০ জন এদিন বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান করলেন। গোগলা অঞ্চলের তৃণমূলের অঞ্চল সভাপতি গৌতম ঘোষ জানান, 'বিজেপি ছেড়ে এদিন যারা তৃণমূলের পতাকা হাতে নিলেন তাঁদের সবাইকে দলে স্বাগত। আমরা তৃণমূল কংগ্রেস কর্মীরা সারা বছর মানুষের পাশে থাকি, সেখানে কোনও দল বা রঙ দেখিনা। বিজেপির যারা আজ তৃণমূলে এলেন তাঁরা উপলব্ধি করেছেন, বিজেপির না আছে এখানে কোনও সংগঠন, না মানুষের পাশে দাঁড়ায়। সেকথা উপলব্ধি করেই তাঁরা বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান করলেন।'

# মায়াপুরে এক ভক্তের সিআইডি হেপাজত

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** মায়াপুরে ঘি ব্যবসায়ী খুনের ঘটনায় ব্যাঙ্গালোর থেকে ধৃত বৈষ্ণবভক্তকে ৮ দিনের সিআইডি হেফাজতের নির্দেশ নবদ্বীপ আদালতের। বুধবার নবদ্বীপ আদালতের জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এই নির্দেশ দেন, সূত্রের খবর ২০২১ সালে ১ ফেব্রুয়ারি মায়াপুর গৌরনগরে নিজের অফিস ঘরে বন্দুকের গুলিতে খুন হন ঘি ব্যবসায়ী রিপন দাস ওরফে রসিক শেখর দাস (৩২) নামে এক যুবক। সেই খুনের ঘটনায় প্রথমে জেলা পুলিশ তদন্ত শুরু করলেও পরবর্তীতে তদন্তভার দেওয়া হয় সিআইডিকে, তদন্তভার হাতে পেয়ে খুনের কিনারা করতে বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে মায়াপুর শ্রীনাথপুরের বাসিন্দা লাল্টু ঘোষ ও ধুবুলিয়া থানার বেলপুকুরের বাসিন্দা সমীর হালদারকে গ্রেপ্তার করে সিআইডি। এরপর তদন্তের স্বার্থে দু'জনকেই নিজেদের হেপাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ চালিয়েও কোনও সূত্র পায়নি সিআইডি। পরবর্তীতে জেল হেপাজত হয় দুই অভিযুক্তের। এই মামলায় তদন্তকারী আধিকারিকের বদল হতেই ফের তদন্ত শুরু করে সিআইডি। গত ১১ জুলাই রাতে কোতোয়ালি থানার বাসিন্দা আব্বাস আলি শেখ ওরফে আকাশ নামক এক দুষ্কৃতীকে আগ্নেয়াস্ত্র-সহ গ্রেপ্তার করে নবদ্বীপ থানার পুলিশ। তাঁকে ৭ দিনের হেপাজতে রেখে ১৮ জুলাই আদালতে পেশ করলে, ওই দুষ্কৃতীকে মায়াপুরের ঘি ব্যবসায়ী খুনের মামলায় যুক্ত থাকার অভিযোগে সিআইডি সাত দিনের হেফাজতের আবেদন জানালে, বিচারক ৬ দিনের সিআইডি হেপাজত মঞ্জুর করেন। অপরদিকে, নির্দিষ্ট সূত্রে খবর পেয়ে গত ২১ জুলাই রাতে ব্যাঙ্গালোর এয়ারপোর্ট কম্পাউন্ড থেকে অলোক কুমার সরকার গ্রেপ্তার করে সিআইডি। খুনের মামলায় ধৃত অভিযুক্তকে বুধবার নবদ্বীপ আদালতে পেশ করে ১০ দিনের হেপাজতের আবেদন জানালে, বিচারক ৮ দিনের মঞ্জুর করেন। যদিও এই ঘটনার সঙ্গে তিনি কোনওভাবেই জড়িত নন বলে জানান অভিযুক্ত।

# বাইক চুরির অনুসন্ধানে গিয়ে পাঁচটি চুরির বাইক উদ্ধার, ধৃত ২

**নিজস্ব প্রতিবেদন, রানিগঞ্জ:** একটা চুরির বাইক উদ্ধার করতে গিয়ে পাঁচ পাঁচটা চুরির বাইক উদ্ধার করল রানিগঞ্জ থানার পুলিশ। আবারও রানিগঞ্জ থানার পিসি পার্টির পুলিশ সিসিটিভি ক্যামেরার সূত্র ধরে পেল সফলতা। বাইক চুরিকাণ্ডের তদন্তে নেমে সিসিটিভি ফুটেজের মাধ্যমে অনুসন্ধান চালায় পুলিশ। এরপর বিভিন্ন এলাকায় তল্লাশির চালিয়ে দুই বাইক চোরকে পাকড়াও করা হয়। ধৃতদের জেরার পর পাঁচটি বাইক উদ্ধার করে পুলিশ। বুধবার আসানসোল দুর্গাপুর পুলিশ



কমিশনারেটের রানিগঞ্জ থানার পুলিশ ঘটনা প্রসঙ্গে জানান, রানিগঞ্জের শিশু বাগান এলাকায় গত ১০ জুলাই প্রসেনজিৎ রুজ নামের এক ব্যক্তির একটি গ্ল্যামার বাইক চুরি যায়। এরপরই ১৭ই জুলাই রানিগঞ্জের পাঞ্জাবি ফাঁড়ি এলাকার সিয়ারসোল রাজবাড়ি মোড়ের এসবিআই এটিএম-এর সামনে থেকে শান্তনু মুখার্জী নামে এক ব্যক্তির একটি গ্ল্যামার বাইক চুরি যায়। রানিগঞ্জ থানায় অভিযোগ দায়ের হলে, পুলিশ তদন্তে নেমে সিসিটিভি ফুটেজে লক্ষ্য করে ওই ব্যক্তিদের মধ্যে একজন, বছর একুশের ঝাড়খণ্ডের, ধানবাদ জেলার নিরসা থানার, মোগমা এরিয়ার কাঞ্চনডিহির বাসিন্দা ফাইজান আনসারিকে। তাকে অনুসরণ করতেই পায় সফলতা। দেখা যায়, সে রানিগঞ্জেরই নবীনগরের বাসিন্দা এমডি রাজনের সঙ্গে রানিগঞ্জ শহর এলাকায় ঘুরছিল। এরপরই পুলিশ তাদের পাকড়াও করে। তাদের সঙ্গে থাকা মোটরবাইকটি গিরিডি এলাকা থেকে চুরি করা বাইক বলে জানতে পারে। পুলিশ তাদের আসানসোল জেলা আদালতে হাজির করলে, বিচারক ধৃতদের পুলিশি হেফাজতে নির্দেশ দেন। পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করে চুরি যাওয়া পাঁচটি মোটরবাইক উদ্ধার করে। জানা গেছে, চুরির বাইক পরবর্তীতে পশ্চিমবঙ্গের গাড়ি বিহার, ঝাড়খণ্ডে, আর বিহার, ঝাড়খণ্ডের গাড়ি পশ্চিমবাংলায় চালান করত। বহু ক্ষেত্রে নম্বর প্লেট বদলে পাচার করা হত। পুলিশ আগামীতে ধৃতদের জিজ্ঞাসাবাদ করে আরও কোনও অপরাধের কিনারা পায় কিনা সেটাই দেখার। ঘটনায় আরও কারা জড়িত রয়েছে সে বিষয়েও তল্লাশি শুরু করেছে পুলিশ।

# গাইঘাটার স্টিল কারখানায় বিক্ষোভ



**নিজস্ব প্রতিবেদন, গাইঘাটা:** কর্মহীনের আশঙ্কায় এক থেকে দেড়শো শ্রমিক! কারখানার সামনে অবস্থান বিক্ষোভ শ্রমিকদের। উত্তর ২৪ পরগনার গাইঘাটা থানার বৈকরা এলাকায় নন্দন সাহা স্টিল প্রাইভেট লিমিটেডের শ্রমিকেরা গোডাউনের গেটের সামনে বসে অবস্থান বিক্ষোভ শুরু করেন। তাদের দাবি, বেশ কয়েক মাস ধরে ঠিকমতো কাজ হচ্ছে না। হঠাৎ করে অনেক শ্রমিকদের কাজ থেকে বসিয়ে দেওয়া হচ্ছে। ফলে আর্থিক সংকটে পড়েছেন তাঁরা। কাজ না হওয়ার বিষয় নিয়ে মালিকের সঙ্গে কথা বলতে গেলে, মালিক তাঁদের জানিয়ে দেন, তিনি কোটি কোটি টাকার দেনায় পড়েছেন। শ্রমিকদের আরও দাবি, মালিক তাঁদের জানিয়ে দিয়েছেন তাদের আর কাজ নেই। পরবর্তীতে কাজের দাবিতে গোডাউনের সামনে অবস্থান বিক্ষোভ শুরু করেন শ্রমিকেরা। তাঁদের বক্তব্য, সামনে পুজো, তার ওপর বিভিন্ন যায়গায় থেকে লোন তোলা রয়েছে। এই পরিস্থিতিতে কাজ হারালে ছেলে মেয়ে নিয়ে পথে বসতে হবে। তাঁরা চাইছেন হয় মালিক পক্ষ তাঁদের কাজ দিক, না হয় এককালীন কিছু টাকা দিক, যাতে অন্য কাজ খোঁজা পর্যন্ত তাঁরা চলতে পারেন। গোডাউনের ইনচার্জ শিবদাস সাহা বলেন, 'কোম্পানি একটা সমস্যার মধ্য দিয়ে চলছে। আমরা সেইটা থেকে বেরিয়ে আসার চেষ্টা করছি। কিন্তু কাজ একদম বন্ধ হয়ে গেছে এমটা নয়। এখনও কাজ আছে। আমরা চেষ্টা করছি সেটা যেন চলে। শ্রমিকরা আমাদের পরিবারের বাইরের কেউ নন, যা হবে তাঁদের সঙ্গে আলোচনা করেই হবে। ওদের যাতে সমস্যা না হয় সেটা দেখা হবে।'

# বোরখা পড়ে সন্দেহজনকভাবে ঘোরাফেরায় আটক দুই ব্যক্তি

**নিজস্ব প্রতিবেদন, গুসকরা:** বুধবার সকালে বর্ধমানের গুসকরা বাসস্ট্যান্ডে বোরখা পড়ে দু'জনকে সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করতে দেখেন স্থানীয়রা। সন্দেহ হওয়ায় পুলিশকে খবর দিলে গুসকরা ফাঁড়ির পুলিশ পৌঁছে দেখে বোরখার ভিতরে নারী নয়, রয়েছে নারী বেশে পুরুষ। সাতসকালে গুসকরায় বোরখার বেসে সন্দেহজনকভাবে দু'জন পুরুষ আটক হওয়ায় চাঞ্চল্য ছড়ায় এলাকায়। আটক হওয়া দু'জন ব্যক্তি দাবি, তাঁরা কোনও সন্দেহজনক কাজের সঙ্গে যুক্ত নন। তাঁদের সঙ্গে থাকা বোরখা পড়ে থাকা একজনের বাবা বলে পরিচয় দেওয়া ব্যক্তি জানান, তাঁদের বাড়ি মঙ্গলকোট থানার গতিষ্ঠা গ্রামে। মঙ্গলবার তাঁর বিবাহিত মেয়ে তাঁর আট বছর এবং চার বছরে দুটি সন্তান রেখে বাড়ি ছেড়ে চলে যায়। কিন্তু সকালে ফোন করে তাঁর সন্তান দুটিকে গুসকরা বাসস্ট্যান্ডে নিয়ে আসতে বলে। তাই তাঁরা মেয়েকে হাতেনাতে ধরার জন্য বোরখা পড়েছিল। বর্তমানে, পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করে ঘটনার বিস্তারিত জানার চেষ্টা চালাচ্ছে।

# ধৃত এক বাংলাদেশি ও ভারতীয় দালাল

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** বাংলাদেশি এক যুবক এবং একজন দালালকে গ্রেপ্তার করল পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, বেশ কয়েক মাস আগে বাংলাদেশের ওই যুবক অবৈধভাবে ভারতের প্রবেশ করে এবং ভুয়ো আধার কার্ড তৈরি করে বিভিন্ন রাজ্যে রাজমিস্ত্রির কাজ করতো। বাংলাদেশে পালানোর পরিকল্পনা করলে গতকাল রাতে সীমান্তবর্তী এলাকা থেকে পুলিশ গ্রেপ্তার করে তাঁকে। চাপড়া থানার ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী শিকড়া গ্রামের আব্দুল সালাম মণ্ডল নামে এক দালালের মারফত বাংলাদেশ যাওয়ার পরিকল্পনা করছিল। ধৃত দালাল সেকথা স্বীকার করেছে বলে জানা গিয়েছে। ধৃত বাংলাদেশি যুবকের নাম রাসেল ইসলাম। বাংলাদেশের পঞ্চগড় জেলা বাসিন্দা ওই যুবক। ধৃতদের বুধবার কৃষ্ণনগরে আদালতে তোলে পুলিশ।

# নবদ্বীপে 'খুন' প্যান্ডেল শ্রমিক

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** এক যুবকের রক্তাক্ত দেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য ছড়াল নবদ্বীপ থানার চরব্রহ্মনগর মাঝেরপাড়া এলাকায়। খুনের অভিযোগ পরিবারের। মৃত যুবকের নাম বিশ্বজিৎ দেবনাথ। বয়স আনুমানিক ৩৬ বছর। তাঁর বাড়ি চরব্রহ্মনগর মাঝের পাড়া এলাকায়। যুবকের পরিবারের অভিযোগ, মঙ্গলবার রাত আনুমানিক বারোটা নাগাদ কে বা কারা বিশ্বজিৎকে বাড়ি থেকে ফোন করে ডেকে নিয়ে যায়। বুধবার সকালে এলাকার তিন রাস্তার মোড়ে বিশ্বজিতের রক্তাক্ত দেহ উদ্ধার হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় নবদ্বীপ থানার পুলিশ। মৃতদেহ ময়নাতদন্তের জন্য শক্তিনগর হাসপাতালে পাঠানো হয়েছে। মৃতের দিদি সীমা দেবনাথ জানান, পেশায় প্যান্ডেল শ্রমিক বিশ্বজিতের পরিবারের ছয় বছরের একটি মেয়ে ও স্ত্রী রয়েছেন। যুবকের দিদি সীমা দেবনাথের অভিযোগ, 'এটা চক্রান্ত। তিন মাস আগে ভাইকে হুমকি দেয় কয়েকজন যুবক। তারাই খুনের সঙ্গে জড়িত থাকতে পারে।' নবদ্বীপ থানার পুলিশ ঘটনার তদন্তে নেমেছে এবং হত্যার পেছনের প্রকৃত কারণ জানার চেষ্টা চলছে।

# ফরাক্কা এক্সপ্রেসে বিপুল কচ্ছপ উদ্ধার

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** গোপন সূত্রে অভিযান চালিয়ে দিল্লি থেকে মালদাগামী ফরাক্কা এক্সপ্রেস ট্রেনের জেনারেল কামরা থেকে বিপুল পরিমাণ কচ্ছপ উদ্ধার করল মালদা টাউন স্টেশনের জিআরপি। বুধবার সকাল দশটা নাগাদ এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। যদিও কচ্ছপ পাচারকারী কাউকে গ্রেপ্তার করতে পারে নি জিআরপি।

মালদা টাউন স্টেশনের জিআরপি প্রশান্ত রায় জানিয়েছেন, গোপন সূত্রে খবর পান দিল্লি থেকে মালদাগামী ফরাক্কা এক্সপ্রেসে করে কচ্ছপ পাচার করা হচ্ছে। ট্রেনটি এদিন সকাল ৯টা বেজে ৫০মিনিটে মালদা টাউন স্টেশনে ঢোকা মাত্রই তল্লাশি অভিযান শুরু হয়। ওই সময় ট্রেনের এক জেনারেল কামরা থেকে বাথরুমের কাছ থেকে কচ্ছপবোঝাই পাঁচটি বস্তা উদ্ধার হয়। সেই বস্তাগুলি থেকে উদ্ধার হয় ২৬৮টি কচ্ছপ। প্রাথমিক তদন্তে অনুমান, কচ্ছপগুলি উত্তরপ্রদেশ থেকে আনা হচ্ছিল এবং বালুরঘাটে পাচারের উদ্দেশ্য ছিল। এরপরই জিআরপির পক্ষ থেকে খবর দেওয়া হয় মালদা বন দপ্তরে। মালদা ডিভিশনের ফরেস্ট বিট অফিসার প্রদীপ গোস্বামী বলেন, 'উদ্ধার হওয়া কচ্ছপগুলি জিআরপির পক্ষ থেকে বনদপ্তরের হাতে তুলে দেওয়া হয়েছে। পরবর্তীতে সেগুলি আদিনা ডিয়ার ফরেস্টে জলাশয়ে ছেড়ে দেওয়া হবে।'

# কন্ডাক্টরকে জুতো দিয়ে মারধর, প্রতিবাদে বাস পরিষেবা বন্ধ

**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** বাস কন্ডাক্টরকে জুতো দিয়ে মারধর করার ঘটনার প্রতিবাদস্বরূপ বুধবারেও বন্ধ বাস চলাচল। বালুরঘাট-হিলি রুটের বেসরকারি বাস চলাচল বন্ধ থাকায় এদিন বেশ সমস্যায় পড়েন নিত্যযাত্রীরা। পুরো বিষয়টি নিয়ে এদিন বালুরঘাটে বাস মালিক ও শ্রমিক সংগঠনের সঙ্গে কথা বলেন বালুরঘাট-হিলি রুটের বাস কর্মীরা।

উল্লেখ্য, গত সোমবার বালুরঘাট-হিলি রুটের একটি বেসরকারি বাসের কন্ডাক্টরের সঙ্গে বচসা বাঁধে এক মহিলার। ওই মহিলার অভিযোগ, তাঁর মেয়ের কাছ থেকে বেশি ভাড়া নিয়েছে সংশ্লিষ্ট বাসের কন্ডাক্টর। স্টুডেন্ট ভাড়ার থেকেও কেন বেশি ভাড়া নেওয়া হয়েছে, সেই নিয়ে তর্কবিতর্কের মধ্যে ওই কন্ডাক্টরকে জুতো দিয়ে মারা হয় বলেই দাবি করেছেন প্রহৃত বাস কন্ডাক্টর। পাশাপাশি বেশি ভাড়ার নেওয়ার বিষয়টিও অস্বীকার করা হয়েছে ওই কন্ডাক্টরের তরফে। আর এই ঘটনার প্রতিবাদে মঙ্গলবার থেকে বালুরঘাট-হিলি রুটের বাস পরিবহন বন্ধ করে দেয় বেসরকারি বাস কর্মীরা। ওই মহিলা নিঃশর্তভাবে ক্ষমা না চাওয়া পর্যন্ত বাস চলাচল বন্ধ থাকবে বলে হুঁশিয়ারি দেওয়া হয়েছে কর্মীদের তরফে। পাশাপাশি ওই মহিলার বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে বাস কন্ডাক্টরের তরফে। এবিষয়ে বাস কন্ডাক্টর তরুণ মাহাতো বলেন, 'আমার বিরুদ্ধে স্টুডেন্ট ভাড়া থেকেও বেশি ভাড়া নেওয়ার যে অভিযোগ তোলা হয়েছে তা সর্বৈব মিথ্যা। যেদিন বেশি ভাড়া নেওয়ার অভিযোগ করা হচ্ছে, সেদিন আমাদের বাস রাস্তায় বের হয়নি। অথচ আমাকে সমস্ত যাত্রীদের সামনে জুতো দিয়ে মারা হয়েছে। আমি এই ঘটনার সুবিচার দাবি করছি এবং এই বিষয়টি নিয়ে থানায় লিখিত অভিযোগ দায়ের করেছি।' যদিও এই বিষয়টি নিয়ে অভিযুক্ত মহিলার কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

অন্যদিকে, এ বিষয়ে তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি-র তরফে এক ব্যক্তি জানান, 'বাসের কর্মীদের সঙ্গে আজ আলোচনা হয়েছে। আশা করছি আগামীকাল থেকে বাস পরিবহন স্বাভাবিক হবে। ওই বাস কন্ডাক্টর যাতে সুবিচার পান, সেই বিষয়ে আমরা আশ্বস্ত করেছি।'

## মালায়ালম ছবির সুপ্রভাব রাজ্যে

# বহরমপুর সদরের একাধিক স্কুলে 'নো মোর ব্যাক বেঞ্চার মডেল'

**নিজস্ব প্রতিবেদন, বহরমপুর:** প্রথম বেঞ্চ দখলের জন্য মনোযোগী পড়ুয়াদের আর স্কুল গেটে লাইন দিতে হবে না। পাশাপাশি অমনোযোগী পড়ুয়ারাও আর ফাঁকি দেওয়ার সুযোগ পাবেনা। রুপোলি পর্দায় মালায়ালম ছবি শ্রেণিকক্ষে পড়ুয়াদের বসার ভোলই বদলে দিয়েছে। ব্যাক বেঞ্চার বলে এখন থেকে আর কিছু থাকছে না। সব পড়ুয়াই ফার্স্ট বেঞ্চার। বহরমপুর সদর পশ্চিম চক্রের কয়েকটি স্কুল পড়ুয়াদের ইংরাজি 'ইউ' আকৃতিতে বসিয়েই সবাইকে ফার্স্ট বেঞ্চারের স্বীকৃতি দিয়েছে। তাতে পঠন পাঠনের ধারাও আমূল বদলে গিয়েছে বলেই দাবি শিক্ষক শিক্ষিকাদের। ধীরে ধীরে জেলার বহু স্কুলে শুরু হয়েছে তার অনুকরণ। 'নো মোর ব্যাক বেঞ্চার মডেল' এখন জেলাজুড়ে প্রভাব ফেলতে শুরু করেছে। বহরমপুর সদর পশ্চিম



চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক শুভাশিষ দে বলেন, 'শিক্ষক পড়ুয়ার সম্পর্ক যত সাবলিল হবে পড়ুয়াদের জড়তা তত কাটবে। আর তখনই তাদের পড়ার আগ্রহ বাড়বে। পঠন পাঠনের মানোন্নয়ন হবে। এই পদ্ধতিতে তার ব্যাপক সাড়া মিলছে।'

ভালো ছাত্রছাত্রীদের মধ্যে প্রথম বেঞ্চে বসার প্রতিযোগিতা চলে। তেমনি লেখাপড়ায় দুর্বল পড়ুয়ারা সুযোগ পেলেও প্রথম বেঞ্চের ধারের কাছে ঘেঁষে না। পিছনের বেঞ্চে বসে শিক্ষকের সঙ্গে দূরত্ব বজায় রেখে চলে। ব্ল্যাক বোর্ডের দিকে মন না দিয়ে সহপাঠীদের সঙ্গে গল্পে ডুবে যায়। শাসন করে তাদের বাগে আনতে না পেরে শিক্ষক শিক্ষিকারাও হতাশ হয়ে একসময় হাল ছেড়ে দেন। ফলে পিছনের বেঞ্চের পড়ুয়ারা আরও পিছিয়ে পড়ে। মালায়ালম ভাষার 'স্থানার্থী শ্রীকুট্টন' ছবিতে পরিচালক বিনেশ বিশ্বনাথ অমনোযোগী পড়ুয়াদের শাসন না-করে বাগে আনতে ক্লাসে বসার কৌশলটাই বদলে ফেলেন। পরিচালক তাঁর ছবিতে ব্যাক বেঞ্চের পড়ুয়াদের অভিনব পদ্ধতিতে প্রথম বেঞ্চে টেনে এনে পড়াশোনার ভোলই বদলে ফেলতে দেখা গিয়েছে। রুপোলি পর্দার এই দৃশ্য শিক্ষক শিক্ষিদের মনে দাগ ফেলে দেয়। দক্ষিণের বহু জেলায় স্কুল কর্তৃপক্ষ এই পদ্ধতিকেই নকল করতে শুরু করেন। দক্ষিণী ছবি বাংলাতেও তার ছাপ ফেলতে শুরু করেছে। বহরমপুর সদর পশ্চিম চক্র থেকে শুরু হয়েছে 'নো মোর ব্যাক বেঞ্চার মডেলে'র পথচলা। সদর পশ্চিম চক্রের ২ নম্বর তেজপাল লোহিয়া জিএসএফপি স্কুলের প্রধান শিক্ষক অনিন্দ্য সিংহ বলেন, 'সিনেমা যে লেখাপড়ার মান বদলে দিতে পারে এমন অভিজ্ঞতা ছিলনা। খুবই ভালো পদ্ধতি। দু'চার দিনেই সুফল পেতে শুরু করেছি। পড়ুয়াদের মনোযোগ বাড়ছে।' ৬৩ নম্বর রঘুনাথপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রশান্ত পাল বলেন, 'বসার বদল ছাত্রছাত্রীদের বদলে দিয়েছে। পিছনের সারির পড়ুয়াদের জড়তা কাটছে। লেখাপড়ার মান বদলাবে বলেই আমার ধারণা। স্কুলে বসার পদ্ধতি বদলানোয় খুশি পড়ুয়ারাও।' তেজপাল লোহিয়া জিএসএফপি স্কুলের পঞ্চম শ্রেণির ছাত্র কুশল দে বলে, 'আর আমাকে কেউ পিছনের বেঞ্চের ছাত্র বলে খেপাতে পারবে না।'

# লোকমান্য তিলক-চন্দ্রশেখর আজাদের জন্মবার্ষিকীতে শ্রদ্ধাজ্ঞাপন প্রধানমন্ত্রীর




**নয়াদিল্লি, ২৩ জুলাই:** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লোকমান্য তিলকের জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এক্স বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, 'লোকমান্য তিলকের জন্মজয়ন্তীতে তাঁকে স্মরণ করি। তিনি এমন এক পথিকৃৎ নেতা ছিলেন, যিনি অটল নিষ্ঠায় ভারতের স্বাধীনতা সংগ্রামের চেতনাকে দেশবাসীর মধ্যে ছড়িয়ে দিয়েছিলেন। তিনি এক অসাধারণ চিন্তকও বটে, যিনি জ্ঞানের শক্তি এবং সেবায় বিশ্বাস করতেন।'

চন্দ্রশেখর আজাদকেও তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী জানান, ভারতের স্বাধীনতা আন্দোলনে তাঁর ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। ন্যায়ের জন্য দৃঢ়ভাবে সাহসের সঙ্গে সোচ্চার হতে তিনি আমাদের যুবসমাজকে অনুপ্রাণিত করেন। সামাজিক মাধ্যম এক্সে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, 'চন্দ্রশেখর আজাদকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানাই। তিনি ছিলেন অপ্রতিরোধ্য শৌর্য এবং দৃঢ়চেতা মানসিকতার প্রতীক। ভারতের স্বাধীনতা আন্দোলনে তাঁর ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। ন্যায়ের জন্য দৃঢ় ভাবে সাহসের সঙ্গে সোচ্চার হতে তিনি আমাদের যুবসমাজকে অনুপ্রাণিত করেন।'

# কমিশনকে তোপ রাহুলের, ট্রাম্প ইস্যুতে তোপ মোদীকে





**নয়াদিল্লি, ২৩ জুলাই:** বিহারে বিশেষ নিবিড় সংশোধন ইস্যুতে নির্বাচন কমিশনের তীব্র সমালোচনা করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি। পাশাপাশি ডোনাল্ড ট্রাম্প ইস্যুতে বিঁধলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে। নির্বাচন কমিশন বিহারে ৫২ লক্ষ ভোটারদের চিহ্নিত করার বিষয়ে, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি বুধবার বলেছেন, 'এটি কেবল সেই ৫২ লক্ষ লোকের কথা নয়। তারা মহারাষ্ট্রে (বিধানসভা নির্বাচনে) প্রতারণা করেছে। আমরা নির্বাচন কমিশনকে ভোটার তালিকা দেখাতে বলেছিলাম, কিন্তু তারা তা প্রত্যাখ্যান করেছিল। আমরা তাদের ভিডিওগ্রাফি দেখাতে বলেছিলাম, কিন্তু তারা ভিডিয়োগ্রাফির নিয়ম পরিবর্তন করেছে। মহারাষ্ট্রে ১ কোটি নতুন ভোটার যুক্ত হয়েছে। আমি নির্বাচন কমিশনকে কালো এবং সাদা রঙে দেখাব যে চুরি কী ভাবে করা হয়। তারা বুঝতে পেরেছে যে আমরা এখন তাদের খেলা সম্পর্কে সচেতন। এখন, তারা যা করছে তা হল তারা ভোটারদের মুছে ফেলেছে এবং একটি নতুন ভোটার তালিকা আনা হবে।' ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধবিরতিতে মধ্যস্থতার বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের দাবি সম্পর্কে রাহুল গান্ধি বলেন, 'আপনি বলছেন যে অপারেশন সিঁদুর চলছে এবং একদিকে, আপনি বলছেন যে আমরা বিজয়ী হয়েছি। একদিকে, ডোনাল্ড ট্রাম্প ২৫ বার বলেছেন, তিনি অপারেশন সিঁদুর বন্ধ করেছেন। 'কুছ না কুছ তো ডাল মে কালা হ্যায় না'। কোনও দেশ আমাদের বিদেশ নীতিকে সমর্থন করেনি।'

## ময়দান

# ম্যাঞ্চেস্টারে মরণ-বাঁচনের ম্যাচে চাপে ভারতীয় দল! চিন্তা বাড়াচ্ছে ঋষভের চোট



**নিজস্ব প্রতিবেদন:** সিরিজ বাঁচানোর শেষ সুযোগ। তাই ম্যাঞ্চেস্টার টেস্টে বুধবার মরণবাঁচন ম্যাচে নেমেছিল টিম ইন্ডিয়া। কিন্তু ম্যাচের প্রথম দিনই একাধিক ধাক্কা খেল শুভমান গিলের দল। ইংল্যান্ডের বিরুদ্ধে ব্যাট করতে নেমে বেশ মন্থর গতিতে ইনিংস গড়লেও, দিনের শেষে সবচেয়ে বড় চিন্তার কারণ হয়ে দাঁড়াল ঋষভ পন্থের চোট। পায়ের চোট পেয়ে মাঠ ছাড়েন তিনি, এবং দ্বিতীয় দিনে তাঁর খেলা নিয়ে বড় প্রশ্নচিহ্ন থেকেই যাচ্ছে। দিন শুরু হয় ইংল্যান্ড অধিনায়ক বেন স্টোকসের টস জিতে ভারতকে ব্যাট করতে পাঠানোর সিদ্ধান্তে। ম্যাঞ্চেস্টারের পিচে বরাবরের মতোই পেসাররা বাড়তি সাহায্য পান। তার উপরে আকাশ ছিল মেঘলা, ফলে সুইং সামলানো ছিল বড় চ্যালেঞ্জ। তবে সেই চ্যালেঞ্জ দারুণভাবে সামলান ভারতের দুই ওপেনার ; যশস্বী জয়সওয়াল ও কেএল রাহুল। দিনের প্রথম সেশন উইকেট না হারিয়ে কাটিয়ে দেন তাঁরা। কিন্তু মধ্যাহ্নভোজের পরে, সেই জমাট ওপেনিং জুটি ভেঙে যায়। সবচেয়ে হতাশাজনক ছিল অধিনায়ক শুভমান গিলের ব্যর্থতা। চার নম্বরে ব্যাট করতে নেমে মাত্র ১২ রান করেই বেন স্টোকসের শিকার হন তিনি। গিলের আউটের পরে কিছুটা হাল ধরেন তরুণ সাই সুদর্শন। সুযোগ পেয়েই নিজের প্রথম টেস্ট হাফসেঞ্চুরি করেন তিনি ; ৬১ রানের লড়াকু ইনিংস খেলে যান। তাঁর সঙ্গে ৭২ রানের জুটি গড়েন ঋষভ পন্থ। সেই সময়েই মনে হচ্ছিল ভারত আবার ছন্দে ফিরছে। কিন্তু হঠাৎ করেই বিপত্তি। ৬৮তম ওভারে ক্রিস ওকসের একটি ইয়র্কার বলে রিভার্স সুইপ মারতে গিয়ে মারাত্মকভাবে পা মচকে বসেন ঋষভ পন্থ। মুহূর্তেই মাটিতে লুটিয়ে পড়েন। তিনি এতটাই ব্যথায় কাতর ছিলেন যে মাঠ ছেড়ে হাঁটতে পারেননি। স্ট্রেচারে চাপিয়ে তাঁকে নিয়ে যাওয়া হয় মাঠের বাইরে। এই চোট ভারতের ইনিংসের ছন্দেই বড় ছেদ টেনে দেয়। পন্থের আউটের ঠিক পরেই সাজঘরে ফিরে যান সাই সুদর্শনও। ক্রিজে তখন থেকে যান শুধুমাত্র রবীন্দ্র জাদেজা ও শার্দূল ঠাকুর। দু'জনেই ১৯ রান করে অপরাজিত রয়েছেন। প্রথম দিনের শেষে ভারতের স্কোর দাঁড়ায় আড়াইশোর একটু বেশি ; যা এই পরিস্থিতিতে যথেষ্ট নয় বলেই মনে করছেন ক্রিকেট বিশেষজ্ঞরা।সবচেয়ে বড় প্রশ্ন এখন ঋষভ পন্থকে ঘিরে। যদি তিনি দ্বিতীয় দিনে ব্যাট করতে না পারেন, তাহলে ভারতের স্কোর আরও চাপের মুখে পড়বে। কারণ নীচের দিকের ব্যাটিং অর্ডারে বড় ইনিংস গড়ার সামর্থ্য খুবই সীমিত। ফলে সিরিজ বাঁচানোর এই গুরুত্বপূর্ণ ম্যাচে ভারত যে এখন থেকেই চাপে, তা বলাই বাহুল্য।

# ডুরান্ড: ৫ গোলের বড় জয়ে অভিযান শুরু ইস্টবেঙ্গলের



**নিজস্ব প্রতিবেদন:** পাঁচ গোলের ব্যবধানে জয় দিয়ে ডুরান্ড কাপের অভিযান শুরু করল ইস্টবেঙ্গল। এই মরশুম তথা ডুরান্ড কাপে নিজেদের প্রথম ম্যাচে ৫-০ গোলে সাউথ ইউনাইটেড এফসিকে হারাল অস্কার বাহিনী।

বেঙ্গালুরুর দলকে হারিয়ে একপেশে জয় ইস্টবেঙ্গলের। ম্যাচের ১২ মিনিটে নুঙ্গার শটে প্রথম গোলের খাতা খোলে ইস্টবেঙ্গল। রাকিপের ক্রস সাউথ ইউনাইটেড গায়ে লেগে নুঙ্গার পায়ে আসলে, শট জালে জড়িয়ে দেন তিনি। প্রথমার্ধে বেশকিছু সহজ সুযোগ নষ্ট করে ইস্টবেঙ্গল। বিশেষত সাউল ক্রেস্পো। ৩৭ মিনিটে বক্সের ভিতর সাউথ ইউনাইটেডের ডিফেন্ডার সালাহ ফাউল করেন এডমুন্ডকে। পেনাল্টি পেয়ে গোল করেন সাউল। দ্বিতীয়ার্ধ একই ভাবে দাপটের সঙ্গে শুরু করে ইস্টবেঙ্গল। ৮০ মিনিটে দিয়ামান্তাকোসের পাস থেকে বিপিনের গোলে ব্যবধান বাড়ায় লাল-হলুদ ব্রিগেড। ৮৮ মিনিটে মহেশের সঙ্গে তাকিব তাজিরের ধাক্কাধাক্কিতে বক্সের একেবারে বাইরে ফ্রি-কিক অর্জন করে ইস্টবেঙ্গল। ফ্রি-কিক থেকে গোল দিয়ামান্তাকোসের। ৮৯ মিনিটে দূরপাল্লার শটে মহেশ গোল করেন। জয় দিয়ে মরশুম শুরু, খুশি হলেও পুরোপুরি সন্তুষ্ট হতে পারলেন না লাল-হলুদ শীর্ষকর্তা দেবব্রত সরকার। তিনি বলেন, তিন-চার দিনের প্রস্তুতি পেয়েছে দল। এখনও প্রস্তুতির ঘাটতি রয়েছে। ধীরে ধীরে ছন্দে ফিরবে।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে উদ্বোধন হয় ১৩৪ তম ডুরান্ড কাপের। বুধবারের যুবভারতীর বিকেলে জমকালো অনুষ্ঠানে সূচনা হয় এশিয়ার প্রাচীনতম টুর্নামেন্টের। বাংলার পুরুলিয়ার সংস্কৃতি ছৌ-নাচ, রবীন্দ্র নৃত্য পরিবেশন হয় অনুষ্ঠানে। মুখ্যমন্ত্রীর লেখা গানে নৃত্য পরিবেশন করা হয়। এছাড়াও শিখ রেজিমেন্টের 'ভাঙরা', অসম রেজিমেন্টের ছৌ, মারাঠা লোকনৃত্য, গোর্খা রেজিমেন্টের 'কুকরি নাচ' পরিবেশন হয়। ছিল 'ফ্লাইপাস্ট', অর্থাৎ, এয়ার শো, মার্শাল আর্টস শোও।

মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস, দমকলমন্ত্রী সুজিত বোস, ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি এবং সেনাবাহিনীর কর্তারা। দুই দলের ফুটবলারদের সঙ্গে পরিচয়পর্ব সারেন মুখ্যমন্ত্রী।

# বাবার আশীর্বাদে এরিয়ানকে জেতালেন রাজু



**নিজস্ব প্রতিবেদন:** মামনি পাঠচক্রের গোলকিপার অর্ণব দাস মাকে হারানোর ৪৮ ঘন্টা পর নেমেছিলেন ইস্টবেঙ্গলের বিরুদ্ধে ম্যাচ খেলতে। অর্ণবের মতোই জীবনের কঠিন লড়াইয়ের সম্মুখীন রাজু ওঁরাও। সদ্য বাবাকে হারিয়েছেন হুগলির জনাইয়ের পায়রাগাছার বাসিন্দা রাজু। গত দুই বছর এরিয়ান ক্লাবে খেলছেন তিনি। রবিবার সকালে এরিয়ানের অনুশীলনের মাঝেই হঠাৎ ফোন পান বন্ধুর। জীবনের কঠিনতম খবরটি শুনে অপেক্ষা না করেই বাড়ি ফিরে আসেন রাজু। ৪৮ ঘন্টা পর ভবানীপুরের বিরুদ্ধে খেলতে নেমেই গোল করলেন। প্রথমার্ধের একেবারে শেষদিকে রাজুর গোলে ভবানীপুরের মতো শক্তিশালী দলকে হারিয়ে এই মরশুমে প্রথম জয় পেল এরিয়ান। বাবার আশীর্বাদেই এসেছে গোল বলছেন রাজু। ক্লাবের জন্য খেলতেই হবে। কোচকে জানিয়েছিলেন, 'দলের অবস্থা খুব একটা ভালো নয়। আমার দিক থেকে যতটা চেষ্টা করার করব।' দলকে জিতিয়ে রাজু বললেন, 'অবশ্যই বাবার আশীর্বাদ আমার সঙ্গে ছিল। না হলে গোল করতে পারতাম না। দলের সবাই আজ ড্রেসিংরুমে বলেছিল, আমার বাবার জন্য ম্যাচটা জিততে হবে। গোল এবং ম্যান অফ দ্য ম্যাচ বাবাকে উৎসর্গ করলাম।

**TENDER NOTICE**

We, The Forest Association of Apartment Owners, The Forest, 24, Beerpara Lane, Near Dumdum Chanapatty, Kolkata - 700030, are inviting tender bids for facility management services. You may send your interest letter to **forestownersassociation@gmail.com. Phone - 088846000460 / 8017437062. Last Date : 31st July 2025**

**ASANSOL MUNICIPAL CORPORATION**

**1st Call 1st Corrigendum Notice**

**N.I.E. EQ. No. 58/PW/Eng/25 Dt. 09-07-25**
**N.I.E. EQ. No. 57/PW/Eng/25 Dt. 09-07-25**
**N.I.E. EQ. No. 56/PW/Eng/25 Dt. 09-07-25**

Bid Submission period: 29.07.25 instead of 21.07.25 Visit to website **www.wbtenders.gov.in** For details please contact to Tender Cell, AMC.

**Sd/- SE,**
**Asansol Municipal Corporation**

**Tender Notice**

**Batikar Gram Panchayet.**
**Batikar, Birbhum e-NIT No.-01/BatGP/2025-26 Dated-22/07/2025**

*All details of Schemes, Schedule dates and terms & Condition can be obtained from **www.wbtenders. gov.in** and Batikar Gram panchayet Office.

**Sd/- Pradhan**
**Batikar Gram Panchayat**

**TENDER NOTICE**

e-Tenders are invited by the **Officer-In-Charge, WBCADC, Berhampore Project** against **NIT No. 02/2025-2026**, **Dated: 21.07.2025** for **Construction of Shed over Seed Dryer Machine at RTC Campus Area, under WBCADC, Berhampore Project**.

The intending tenderers will have to collect the tender documents within **06.08.2025** up to **17.30 PM.** For any details please contact the Office or Visit: **www.wbtenders.gov.in**

Sd/-
**Officer-In-Charge**
**WBCADC, Berhampore Project**

**Memari-II Panchayat Samity**
**Paharhati, Purba Bardhaman**

e-Tender Notice

e-Tender is invited vide **NIT No.: 99/2025-26 & Memo No.: 872, Date: 23.07.2025,** for **01 no. scheme** under Memari-II Panchayat Samity. Documents download/sell end date (Online) for Bid Submission up to **08.08.2025** for detail information please contact with Memari-II PS office notice board/SAE Section and go through e-Tender site **www.wbtenders.gov.in**

**Sd/-**
**Executive Officer,**
**Memari-II Panchayat Samity**

**কুমড়াপাড়া গ্রাম পঞ্চায়েত**
**কুমড়াপাড়া, মথুরাপুর-২, পঞ্চায়েত সমিতি**
e-Mail- kumraparagp@gmail.com

কুমড়াপাড়া গ্রাম পঞ্চায়েতের পক্ষে প্রধান এলাকার বিভিন্ন কাজের জন্য E-Tender।
E-NIT-12/Kumra/2025-26, E-NIT-13/Kumra/2025-26,
বিস্তারিত তথ্য জানার জন্য গ্রাম পঞ্চায়েত অফিসে যোগাযোগ করুন।

**স্বা/- প্রধান**
**কুমড়াপাড়া গ্রাম পঞ্চায়েত**

**ULUBERIA MUNICIPALITY**
**TENDER NOTICE**

Notice Inviting e-Tender **No. - WBMAD/UM/162/e-Tender/ 2025-26. Dated: 22.07.2025, WBMAD/UM/163/e-Tender/ 2025-26 Dated: 22.07.2025,**
(Supply & Laying of 110 & 160 mm Dia (OD) HDPE PE-100 (PN-6) Pipeline under different Service Zone with Temporary Road Restoration under Uluberia Municipality.)
Details are available in the **www.wbtender.gov.in**

**Sd/- Executive Officer,**
**Uluberia Municipality**

**কুমড়াপাড়া গ্রাম পঞ্চায়েত**
**কুমড়াপাড়া, মথুরাপুর-২, পঞ্চায়েত সমিতি**
e-Mail- kumraparagp@gmail.com

কুমড়াপাড়া গ্রাম পঞ্চায়েতের পক্ষে প্রধান এলাকার বিভিন্ন কাজের জন্য E-Tender।
E-NIT-14/Kumra/2025-26,
বিস্তারিত তথ্য জানার জন্য গ্রাম পঞ্চায়েত অফিসে যোগাযোগ করুন।

**স্বা/- প্রধান**
**কুমড়াপাড়া গ্রাম পঞ্চায়েত**

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
**(A Statutory body of the Govt. of West Bengal)**
**City Centre, Durgapur - 713216**
**(Ph.: 0343-2546716/6815)**

**N.I.T. (Online) No: - ADDA/DGP/ED/N-19/25-26 Dated 22.07.2025**

Exe. Engr.(Civil), ADDA invites **Percentage Rate Tender** (Online Bid System) for the works: **(1)** Tender ID No. 2025_ADDA_881875_1 **(2)** Tender ID No. 2025_ADDA_881876_1 **(3)** Tender ID No. 2025_ADDA_881882_1 **(4)** Tender ID No. 2025_ADDA_881885_1 **(5)** Tender ID No. 2025_ADDA_881888_1 **(6)** Tender ID No. 2025_ADDA_881896_1 **(7)** Tender ID No. 2025_ADDA_881904_1 **(8)** Tender ID No. 2025_ADDA_881914_1 **(9)** Tender ID No. 2025_ADDA_881919_1. For other details visit our website **www.addaonline.in** or **http://wbtenders.gov.in**

**Sd/- Exe. Engr. (Civil), ADDA**

**WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION LTD.**
**( A Govt. Undertaking )**
**Registered Office: 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001**

**NIeT- 188 to 198/2025-2026 Dated- 23-07-2025**

e-Tenders are invited by the Executive Engineer on behalf of West Bengal Agro Industries Corpn. Ltd, 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001 from bonafide and resourceful Agencies for completion of Civil & Electricall works at Hooghly, Nadia, Purulia, Coohbehar, Burdwan, Birbhum, Paschim Medinipur, Jalpaiguri and North 24 Parganas District. Tender document may be downloaded from. **http://wbtenders.gov.in** Bid submission start date- **24-07-2025 after 9.00 am.** Bid submission end date- **30-07-2025 upto 3.00 pm**

**Date: 23.07.2025** **Sd/- Executive Engineer**

भारतीय प्रतिभूति और विनिमय बोर्ड
SECURITIES AND EXCHANGE BOARD OF INDIA
उत्तरी प्रादेशिक कार्यालय -नई दिल्ली
NORTHERN REGIONAL OFFICE –NEW DELHI

**শুনানীর বিজ্ঞপ্তি**

এই বিজ্ঞপ্তির (নোটিশ) মাধ্যমে জানানো যাচ্ছে যে, নিচে দেওয়া সারণীতে উল্লেখিত নোটিফিকেশন প্রাপকদের কাছে শুনানির বিজ্ঞপ্তি (গুলি) জারি করা হয়েছিল। উক্ত শুনানির বিজ্ঞপ্তি (গুলি) রেকর্ড অনুযায়ী নোটিফিকেশন প্রাপকদের শেষ পরিচিত ঠিকানায় পাঠানো সম্ভব হয়নি। শুনানির বিজ্ঞপ্তি (গুলি)-র বিস্তারিত বিবরণ নিচে সারণীতে দেওয়া হলো।

| S. No. | Name of Noticee | Address of Noticee | Scrip/Case Name | Notice Date & No. | Hearing Date / Time & Venue of Hearing |
|---|---|---|---|---|---|
| 1 | Milani Techno Engineering Limited | 01 Plot No 90 Mayur Colony Jhalwa,Post Jhalwa, Prayagraj Allahabad UP 211012. 4th Floor Shri Shubh Apartments, Prafull Kanan, VIP Park Kestopur, Kolkata, WB-700101 | In the matter of Milani Techno Engineering Limited | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/1 (June 20, 2025) SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/2 (June 20, 2025) | July 29, 2025 from 11:30 am onwards at SEBI Bhavan-II, BKC, Plot no. C-7, G Block, Bandra Kurla Complex , Bandra (E), Mumbai-400051 |
| 2 | Prithi Paul Singh Sethi (DIN: 00076689) | 509/179 Bandi House,GF Flat No-101, Dr. B.N Road, Lucknow,226007, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/3 (June 20, 2025) | |
| 3 | Rajesh Kumar Sharma (DIN: 01731816) | 48, Moh Mohtashim Khan, Pilibhat , Pilibhat, 271001, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/16 (June 20, 2025) | |
| 4 | Sanjay Kumar Upadhyay (DIN: 02455875) | 75A, Park Street Kolkata, 700016, West Bengal, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/3 (June 20, 2025) | |
| 5. | Vishwa Bandhu Vashistha (DIN: 02707338) | Choona Danda, Sadabad Gate, Hathras, 204101 , Uttar Pradesh , India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/18 (June 20, 2025) | |
| 6 | Ramendra Prasad Sharma (DIN: 02518373) | 48, Mohitisim Khan, Pilibhat, Pilibhat, 262001, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/9 (June 20, 2025) | |
| 7 | Mukesh Kumar Khare (DIN: 06400147) | House No. 338/26, Gular Nakabanda, 210001, Uttar Pradesh, Inida | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/8 (June 20, 2025) | |
| 8 | Maiku Lal (DIN: 07072169) | Hardoi Fatehpur, 212655, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/7 (June 20, 2025) | |
| 9 | Ram Vishal Telars (DIN: 07072186) | 107 Bilindpur Fatehpur, fatehpur, 212655, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/13 (June 20, 2025) | |
| 10 | Surendra Singh (DIN: 07524382) | Jhaupurradha Nagar, Fatehpur, 212601, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/10 (June 20, 2025) | |
| 11 | Ram Kishor Prajapati (DIN: 07524405) | Dariyapur, Akilabad, Fatehpur, 212601, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/14 (June 20, 2025) | |
| 12 | Rajesh Singh Yadav (DIN: 07524409) | S/O Matru Singh, Dundradundara, Fatehpur, Churiyani Fatehpur, Fatehpur, 212601, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/12 (June 20, 2025) | |
| 13 | Sita Ram Prajapati (DIN: 07526339) | Shah, Fatehpur, Fatehpur, 212601, Uttar Pradesh, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/15 (June 20, 2025) | |
| 14 | Bharat Subhash Prasad Maurya (DIN: 08101500) | D/59 Panchsheel Chawl, Akurli Road, Kranti Nagamew Budh Vihar, kandivali East Mumbai, 400101, Maharashtra, India | | SEBI/NRO/H.A-DIV-III/P/OW/2025/16513/6 (June 20, 2025) | |

নোটিফিকেশন প্রাপকদের জানানো হচ্ছে যে, তাঁরা উত্তর আঞ্চলিক কার্যালয়, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া, প্লেট-বি, অষ্টম ফ্লোর, অফিস টাওয়ার ১, এনবিসিসি কমপ্লেক্স, ইস্ট কিডওয়াই নগর, নয়াদিল্লি-১১০০২৩ থেকে শুনানির বিজ্ঞপ্তিগুলি সংগ্রহ করতে পারবেন। নোটিফিকেশন প্রাপকরা সেবির অফিসিয়াল ওয়েবসাইট (www.sebi.gov.in) থেকে "Unserved Summons/Notices" শিরোনামের অধীনে শুনানির বিজ্ঞপ্তির একটি অনুলিপি ডাউনলোড করতে পারবেন অথবা gyanendran@sebi.gov.in / haria@sebi.gov.in / suchishmitar@sebi.gov.in -এ অনুরোধ পাঠিয়ে শুনানির বিজ্ঞপ্তির একটি অনুলিপি পেতে পারবেন। যদি নোটিফিকেশন প্রাপক অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে শুনানির জন্য ইচ্ছুক হন, তবে উল্লিখিত ইমেলের মাধ্যমে সে বিষয়ে জানানো যেতে পারে।
যদি উত্তর না পাওয়া যায়, অথবা নোটিফিকেশন প্রাপক বা অনুমোদিত প্রতিনিধি শুনানির জন্য উপস্থিত হতে ব্যর্থ হন, তাহলে সেবি রেকর্ডে উপলব্ধ তথ্যের ভিত্তিতে বিষয়টি নিয়ে অগ্রসর হবে।

**তারিখ: ১৭ জুলাই, ২০২৫** **জ্ঞানেন্দ্র নীরাজ**
**স্থান: দিল্লি** **উপ মহাব্যবস্থাপক**

**CBC 15204/11/0139/2526**

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**



# একদিন সাজাও যতনে





# ছোট্ট অফিস যেভাবে সাজাবেন

ব্যক্তিগত বা পারিবারিক উদ্যোগে যখন একটি ছোট্ট প্রতিষ্ঠান গড়ে তোলা হয়, তখন তা সাজিয়ে গুছিয়ে নেওয়ার কাজটা বেশ চ্যালেঞ্জিং। প্রথাগত পেশাদার প্রতিষ্ঠানের চেয়ে এখানে জায়গা কম, বাজেটও কম। স্বপ্ন আকাশ ছুঁলেও বাস্তবে অনেক নতুন উদ্যোক্তাকেই তাই কেবল একটি বা দুটি ছোট ঘর নিয়ে শুরু করতে হয় অফিস। সেখানেই গুছিয়ে রাখতে হয় যাবতীয় কাগজপত্রসহ প্রয়োজনীয় জিনিসপত্র। সেখানেই কাজ করেন একাধিক কর্মী। হয়তো সেই ছোট্ট ঘরেই রাখতে হয় গ্রাহকেরও বসার ব্যবস্থা।



## ছোট হলেও খোলামেলা, স্বস্তিদায়ক



আধুনিক অন্দরসজ্জার ধারায় খোলামেলা ওয়ার্কস্টেশন জনপ্রিয় হয়ে উঠেছে। খুব স্বাচ্ছন্দ্যেই সেখানে কাজ করতে পারবেন আপনি। অল্প কয়েকজন কাজের উপযোগী ওয়ার্কস্টেশন কিনতেও পাওয়া যায়, পরে প্রয়োজনে যা বড় করে নেওয়া সম্ভব। আজকাল হালকা নকশার সুন্দর চেয়ার পাওয়া যায়। লম্বা সময় বসে কাজ করার জন্য আর্গোনোমিক চেয়ারগুলো দারুণ। এসব চেয়ারের নকশা এমনভাবে করা হয়, যাতে আপনি স্বাস্থ্যকর দেহভঙ্গি বজায় রাখতে পারেন। সঠিক দেহভঙ্গি বজায় রাখলে টানা বসে কাজ করলেও আপনাকে ঘাড় বা কোমরের ব্যথায় ভুগতে হবে না। আর্গোনোমিক চেয়ারে বসে কাজের সময় প্রয়োজনমতো নড়াচড়া করতে পারবেন। সব মিলিয়ে আরামদায়ক কর্মপরিবেশের জন্য এসব চেয়ার দারুণ।

## আসবাবে বাহুল্য বর্জন

ছোট অফিসে হালকা নকশার আসবাব রাখা হলে



জায়গাটা খুব বেশি ছোট মনে হবে না, বরং পরিপাটি দেখাবে। প্রয়োজনমতো এক পাশে ফাইল কেবিনেট রাখুন। খোলা তাকের ব্যবস্থাও করতে পারেন। এখানেও প্রয়োজনীয় বইপত্র গুছিয়ে রাখতে পারেন। নিজেদের অর্জনের স্মারকও সাজিয়ে রাখা যেতে পারে, অফিসে ঢুকলেই স্মারকগুলো চোখে পড়বে। কর্মীদের ব্যক্তিগত কেবিনেট বা লকারের জন্য কিন্তু বাড়তি জায়গার প্রয়োজন নেই। ওয়ার্কস্টেশন বা ডেস্কের নিচেই লকারের ব্যবস্থা করা যায়। জায়গাও বাঁচবে, লকারগুলো দেখাও যাবে না। আসবাবের বাহুল্য আছে বলে মনেও হবে না।

## অন্য পাশে ভিন্ন আয়োজন


অফিসের এক পাশে ছোট একটা টেবিল রাখা যেতে পারে। সঙ্গে অল্প কিছু ছোট চেয়ার। কাজের বিরতিতে কর্মীরা একটু আয়েশ করে সেখানে বসতে পারেন। চা-কফি খেতে পারেন। তাতে টানা কাজ করার ক্লান্তি কাটানো সহজ হবে। এমনকি গ্রাহক এলে তাঁর সঙ্গেও আলোচনা হতে পারে সেই জায়গায় বসেই, যদি তা পরিপাটি করে রাখা যায়। সেখানটায় চাইলে অতিথিদের জন্য অফিসের উপযোগী হালকা নকশার সোফাও রাখতে পারেন।

## প্রকৃতির ছোঁয়ায় প্রাণ

কাজের জায়গাটাকে করে তুলুন প্রাণবন্ত। অন্দরের



উপযোগী দৃষ্টিনন্দন গাছ রাখুন বেশ কিছু জায়গায়। এগুলোর যত্নও নেওয়া চাই ঠিকঠাক। বোতল বা ছোট পাত্রের পানিতে গাছ রাখলে নিয়মমাফিক পানি বদলান। এমন পাত্রে কিংবা গাছের টবে সাদা বা রঙিন পাথর রাখা যেতে পারে। যদি অফিসের ভেতর প্রাকৃতিক আলো আসার সুযোগ থাকে, তাহলে সেই আলো যতটা সম্ভব কাজে লাগান। বিদ্যুৎ খরচও বাঁচবে, অফিসের পরিবেশও হবে চমৎকার।



# ঘরের দেওয়ালের রঙ বাছতে কোন বিষয়গুলি ভাববেন

বহুদিনের শখ আর শ্রমে গড়া বাসায় রঙের ব্যবহার যদি সঠিক না হয়, তাহলে পুরো উদ্যোগই মাটি। শরীরের জন্য ক্ষতিকর নয়, অন্দরে এমন সব রং প্রাধান্য পাচ্ছে এখন। পাশাপাশি রং নির্বাচনের ক্ষেত্রে আসবাব ও দেয়াল;এই দুটি বিষয়ও মাথায় রাখা জরুরি।

## আলোর প্রতি নজর রাখুন

দেয়ালের রং এমনভাবে নির্বাচন করতে হবে, যাতে আলোর প্রতিফলন হয় কম। ঘরের রং যত উজ্জ্বল হবে, আলো তত ফিকে লাগবে। শোবার ঘর, বসার ঘরের দেয়ালের রং হালকা রাখাই ভালো। দেয়ালে চাঁপা সাদা আর সিলিংয়ের সাদা প্রাধান্য পেলে ভালো হয়। এতে ঘরে আলো ঢোকে বেশি, দেখতেও লাগে প্রশস্ত। চাঁপা সাদা ছাড়াও

হালকা মেটে রং, ধূসর কিংবা ‘বেজ’ রং অর্থাৎ হালকা হলদে ও বাদামি-জাতীয় রং এ সময়ের অন্দরের দেয়ালে জনপ্রিয়তা পাচ্ছে। তবে ঘরের এক পাশে বা বিছানার পেছনের দেয়াল, বাচ্চাদের ঘর কিংবা ড্রয়িংরুমের কোনো একটি জায়গায় উষ্ণ ধাঁচের রং দিয়ে বৈপরীত্যও আনা যায়।

## প্রকৃতিকে প্রাধান্য দিতে হবে

সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের সহকারী অধ্যাপক লতিফা সুলতানা বলেন, ‘আমাদের প্রকৃতির কথা মাথায় রেখে রং নির্বাচন করতে পারলে ভালো।



বরফের সাদা, সমুদ্রের নীল, গাছপালার সবুজ, মাটির বাদামি ইত্যাদি হালকা রং চোখকে আরাম দেয়, মনকে দেয় শান্তি। অন্যদিকে তপ্ত সূর্যের লাল আভা বা উজ্জ্বল হলদে উষ্ণ রং মনে অস্থিরতা তৈরি করে। এ কারণে দেয়ালের অনেকটা অংশজুড়ে এসব রং ব্যবহার না করাই ভালো। দেয়ালের ইট বা কংক্রিটের স্বাভাবিক রংও কিন্তু দেখতে ভালো লাগে। প্রকৃতির পরশ পেতে দেয়ালের রংটাই যে সবুজ হতে হবে, তা কিন্তু নয়। বদলে ঘরের বারান্দায় রাখতে পারেন অন্দরের উপযোগী গাছপালা। এভাবে অন্দরে যোগ হতে পারে প্রকৃতির অকৃত্রিম রং।’

## জায়গাভেদে দেয়ালে রঙের ভিন্নতা

পড়ালেখা বা কাজের ঘরের দেয়ালের জন্য সব ধরনের রং উপযোগী নয়। অন্দরসজ্জায় নানা অনুষঙ্গের বিন্যাসও বিবেচনায় রাখতে হবে। পড়ার ঘরের হালকা রঙের সঙ্গে উজ্জ্বল আলো চলাচলের ব্যবস্থা রাখা প্রয়োজন। বাচ্চাদের দেয়ালের জন্য রঙিন কোনো হালকা শেড বেছে নেওয়া যায়। খাবার ঘরের দেয়ালে কিছু উষ্ণ রঙের হালকা শেড ছাড়াও উষ্ণ আলো বেশ নজর কাড়ছে।

# ভাতের মাড় যে ত্বক ও চুলের জন্য এত উপকারী, জানতেন ?



**উজ্জ্বল ত্বক ও স্বাস্থ্যকর চুল পেতে কে না চায়! এই দুই ক্ষেত্রে উন্নতিতে ভাতের মাড়ের আছে দারুণ কার্যকর। এক হাজার বছর আগে জাপানে সৌন্দর্যচর্চায় চাল ধোয়া জল ও ভাতের মাড় ব্যবহৃত হতো। সময়ের সঙ্গে তা বিশ্বব্যাপী পরিচিতি পায়। আর এটি এমনই এক রূপচর্চার উপাদান, যা আপনি খুব সহজে, প্রায় বিনা খরচে বাড়িতে তৈরি করে নিতে পারেন।**

## কীভাবে বানাবেন

তিনভাবে ‘রাইস ওয়াটার’ বা চাল ধোয়া পানি বানাতে পারেন।

১. আধা কাপ চাল দুই কাপ জলে ৩০ মিনিটের মতো ভিজিয়ে রাখুন।


২. ৩০ মিনিট ভিজিয়ে রাখা চালের জল ২৪, ৪৮ ঘণ্টা ঘরে রেখে ফার্মেন্টেড করেও ব্যবহার করতে পারেন। যখনই গন্ধ বের হবে, বুঝবেন, এখন এটা ব্যবহারের জন্য প্রস্তুত। এই পানি একটা স্প্রে বোতলে রেখে সংরক্ষণ করতে পারেন।

৩. এটা তো সবার জানা, চাল সেদ্ধ করার পর অতিরিক্ত যে জল ফেলে দেওয়া হয়, সেটিই ভাতের মাড়। আরে এই ভাতের মাড় একটা পাত্রে নিয়ে ঠান্ডা করে ফ্রিজে রেখে ব্যবহার করতে পারেন।

## ত্বকের যত্নে

১. ত্বক উজ্জ্বল করে চাল ধোয়া জল বা ভাতের মাড়ে আছে ভিটামিন বি, সি ও ই, যা ত্বকের কালো দাগ কমিয়ে ত্বক উজ্জ্বল করে।

২. অ্যান্টি-এজিং চাল ধোয়া জল বা ভাতের মাড় অ্যান্টি-অক্সিডেন্টসমৃদ্ধ, যা ফ্রি-র‍্যাডিকেলের



বিরুদ্ধে যুদ্ধ করে। আর ত্বক সজীব রাখতে সহায়তা করে।

৩. প্রাকৃতিক ময়েশ্চারাইজার চাল ধোয়া জল বা ভাতের মাড় ত্বক কোমল করে, পুষ্টি জোগায়।

৪. অ্যান্টি-ইনফ্ল্যামেটরি গুণ ত্বকে র‍্যাশ বা লাল লাল ভাব, ফুলে ওঠার বিরুদ্ধে কাজ করে। ত্বকের অতিরিক্ত তেল শোষণ করে ও ওপরের স্তর পরিষ্কার রেখে ব্রণ রুখে দিতেও সহায়ক।

## কীভাবে ব্যবহার করবেন

- টোনার হিসেবে মুখ ভালো করে ধুয়েমুছে নিন। এবার চাল ধোয়া জল বা ভাতের মাড় তুলায় লাগিয়ে তা মুখের সবখানে লাগান।
- ফেস মাস্ক চাল ধোয়া জল বা ভাতের মাড়ের সঙ্গে চালের গুঁড়া মিশিয়ে পেস্ট বানিয়ে মুখে ব্যবহার করুন। শুকিয়ে এলে ধুয়ে ফেলুন।
- ক্লিনজার ফেসওয়াশের বদলেও ব্যবহার করতে পারেন। ভাতের মাড় দিয়ে মুখে ম্যাসাজ করুন। তারপর ধুয়ে ফেলুন।

## চুলের যত্নে

১. চুল হয় শক্তিশালী চালের জল বা ভাতের মাড়ে আছে অ্যামিনো অ্যাসিড, যা চুল শক্তিশালী করে। চুলের ভাঙন রোধ করে।

২. ঝলমলে ও সিল্কি চুল ঝলমলে ও সিল্কি করতে সাহায্য করে।

৩. নতুন চুল গজায় ফার্মেন্টেড চালের জলে ‘ইনোসিটল’ নামের একপ্রকার কার্বোহাইড্রেট থাকে। এটি নতুন করে চুল গজাতে ও চুলের বৃদ্ধির জন্য সহায়ক।

৪. খুশকি দূর করে এর অ্যান্টি-ইনফ্ল্যামেটরি গুণাগুণ মাথার ত্বক পরিষ্কার রাখে। খুশকি দূর করতেও সহায়ক।

## কীভাবে ব্যবহার করবেন

- কন্ডিশনার হিসেবে শ্যাম্পু করার পর চুলে ও মাথার ত্বকে ভালোভাবে ভাতের মাড় লাগিয়ে নিন। কয়েক মিনিট অপেক্ষা করুন। এবার ভালোভাবে ধুয়ে ফেলুন।
- হেয়ার মাস্ক চাল ধোয়া পানি বা ভাতের মাড়ের সঙ্গে ভালোভাবে অ্যালোভেরার রস মেশান। এবার এটি হেয়ার মাস্ক হিসেবে ব্যবহার করুন।
- লিভ-ইন কন্ডিশনার চুল ঝলমলে দেখাতে, চুলের ভলিউম বাড়াতে ঘর থেকে বের হওয়ার আগে পরিষ্কার চুলে ভাতের মাড় বা চাল ধোয়া জল ব্যবহার করতে পারেন।

# নতুন এক্সক্লুসিভ স্টোর



**নিজস্ব প্রতিবেদন:** AXOR তাদের উপস্থিতি মজবুত করল ভারতে, কলকাতায় তারা খুলল AXOR এক্সক্লুসিভ স্টোর; পেশ করল AXOR শাওয়ারসিলে QID। হান্সগ্রোহে গ্রুপের ডিজাইন ব্র্যান্ড AXOR কলকাতায় তাদের এক্সক্লুসিভ স্টোর খোলার কথা ঘোষণা করল ১৮ জুলাই, ২০২৫ তারিখে। আপোসহীন ডিজাইন ও উত্‌কৃষ্ট ইঞ্জিনিয়ারিং দিয়ে বাথরুম ব্যবহারের অভিজ্ঞতার নতুন সংজ্ঞা তৈরি করার জন্য পরিচিত এই ব্র্যান্ড। AXOR এই যে নতুন স্টোর খুলল, তার মাধ্যমে তারা পূর্ব ভারতে নিজেদের ঐকান্তিক উপস্থিতি কায়েম করল, সেই সঙ্গে ক্রমশ তারা আরও নানা জায়গায় ছড়িয়ে পড়ছে।

নতুন স্টোর খোলার দিনই AXOR-এর একেবারে নতুন থার্মোস্ট্যাটও বাজারে নিয়ে আসা হল। যেমন, AXOR শাওয়ারসিলে QID, এটা হল খুবই রুচিশীল ও সপ্রতিভ একটি কনসিল্ড থার্মোস্ট্যাট সিস্টেম। এটাকে স্টুটগার্টের ডিজাইন স্টুডিও ফিনিক্স-এর সঙ্গে যৌথ ভাবে তৈরি করা হয়েছে।

তপসিয়ার ওডিসিডিস্ট্রিবিউটর প্রাইভেট লিমিটেড, পিএস পেনিনসুলায় অবস্থিত নতুন স্টুডিও স্পেস AXOR-এর এই বর্তমান প্রতিশ্রুতির প্রতিফলন যে তারা গোটা ভারতে মনকে মুগ্ধ করে দেওয়ার মতন এবং ডিজাইনে সমৃদ্ধ পরিবেশ গড়ে তুলতে চায়। কলকাতার স্টোরকে স্থপতি, ইন্টেরিয়র ডিজাইনার, ও গৃহস্থ মানুষের তালুক হিসাবে গড়ে তোলা হয়েছে। যেখানে সবাই এই ব্র্যান্ডের কারিগরি, উদ্ভাবন ও কাস্টমাইজেশনের সামর্থ্য পরখ করে দেখে নিতে পারবেন।

**AXOR শাওয়ারসিলে QID**

AXOR এখন ভারতে উপলব্ধ। এ হল নতুন প্রজন্মের আলট্রা-ফ্ল্যাট শাওয়ার কনট্রোল যা এক অনুভূতি সৃষ্টি করতে পারে। তিন রকম জ্যামিতিক ডিজাইনে এগুলো পাওয়া যাচ্ছে। যেমন- কৌণিক, সফ্টস্কোয়্যার, ও গোলাকার। এই কালেকশনে আছে মোনোলিথিকপ্যাডেল কন্ট্রোল এবং ট্যাকটাইলহ্যাপটিক ফিডব্যাক, যা অনায়াসে তাপমাত্রাকে নিয়ন্ত্রণ করে, এবং এতে একটি সুরক্ষিত 400C সেফটিলক আছে। তাই এগুলোকে কনসিল্ড শাওয়ার কন্ট্রোলের জগতে একেবারে নতুন ধরনের জিনিস বলা যেতে পারে।

# টাটা মোটরস বাজারে নিয়ে এল মালবাহী আধুনিক চারচাকার গাড়ি




**নিজস্ব প্রতিবেদন:** ব্যবসার চাহিদার কথা ভেবেই ভারতের সবচেয়ে বড় বাণিজ্যিক যানবাহন প্রস্তুতকারক, টাটা মোটরস, ব্র্যান্ড-নিউ টাটা এস প্রো লঞ্চ করল।যা ছোট বাণিজ্যিক মালবাহী পরিবহনে নতুন যুগের সূচনা করবে বলে মনে করছেন কর্তৃপক্ষ। টাটা এস প্রো হল ভারতের সবচেয়ে সাশ্রয়ী চার চাকার ছোট ট্রাক, যার দাম রাখা হয়েছে একেবারে সাধ্যের মধ্যে। মাত্র ৩.৯৯ লক্ষ টাকায় এই গাড়ি কিনতে পারবেন গ্রাহকরা। পেট্রোল, বায়ো-ফুয়েল (সিএনজি পেট্রোল) এবং বৈদ্যুতিক সংস্করণের সুবিধার সাথে টাটা এস প্রো এমন একটা গাড়ি, যা নতুন প্রজন্মের উদ্যোক্তাদের কাছে আকর্ষণীয় করে তুলবে, বাণিজ্যিক স্বার্থে কাজেও লাগাতে পারবে। এস প্রো চালু করে, টাটা মোটরসের এক্সেকিউটিভ ডিরেক্টর মিঃ গিরিশ ওয়াঘ বলেন, ক্ষ্মটাটা এইস চালু হওয়ার ফলে ভারতে কার্গো পরিবহন ব্যবস্থা সম্পূর্ণরূপে পরিবর্তিত হয়েছে। গত ২০ বছরে এটি ২৫ লক্ষেরও বেশি উদ্যোক্তাদের এগিয়ে নিয়ে যেতে এবং সম্ভাবনার প্রতীক হয়ে উঠতে সাহায্য করেছে। আমরা সম্পূর্ণ নতুন টাটা এস প্রো-এর মাধ্যমে নতুন প্রজন্মের আগ্রহীদের জন্য নতুন উদ্যমের সাথে এই ইতিহাস অব্যাহত রাখছি।

# সেলস ফোর্সের সঙ্গে গাঁটছড়া বাঁধল সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি



**নিজস্ব প্রতিবেদন:** শিক্ষাঙ্গনে সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি ভূমিকা অনস্বীকার্য। এবার সেলস ফোর্স এর সঙ্গে যুক্ত হয়ে তাদের ছাত্র ছাত্রীদের আরো উন্নতমানের শিক্ষা ও কর্ম সংস্থান দিতে বদ্ধপরিকর সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি। মঙ্গলবার শহর কলকাতার এক পাঁচ তারা হোটেলে সাংবাদিক সম্মেলনে সেলস ফোর্স এর সঙ্গে সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি পথ চলার কথা জানানো হলো। উপস্থিত ছিলেন সেলস ফোর্স-এর ভাইস প্রেসিডেন্ট কামাল নাথ, সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি পক্ষ থেকে ডঃ শঙ্কু বোস সহ অন্যান্য বিশিষ্ট জনেরা। তাঁরা জানান তাদের এই প্রয়াস আগামী দিনে ছাত্র ছাত্রীদের কর্ম সংস্থান দিতে পারবে সঙ্গে আরও অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে ভালো দিগন্ত দেখাতে পারবে।